




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

**JAGARAN** ■ 71 Years ■ Issue-334 ■ 13 September, 2025 ■ আগরতলা ১৩ সেপ্টেম্বর, ২০২৫ ইং ■ ২৭ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## সুশীলা কার্কি নেপালের অন্তর্বর্তী প্রধানমন্ত্রী



**কাঠমান্ডু, ১২ সেপ্টেম্বর ।।** নেপালের প্রাক্তন প্রধান বিচারপতি সুশীলা কার্কি শুক্রবার দেশের অন্তর্বর্তী প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। তিন দিন আগে ব্যাপক জনআন্দোলনের পর তৎকালীন প্রধানমন্ত্রী কেপি শর্মা অলি পদত্যাগ করেন।

রাষ্ট্রপতি ভবনে এক আনুষ্ঠানিক অনুষ্ঠানে শুক্রবার সন্ধ্যায় নেপালের রাষ্ট্রপতি রাম চন্দ্র পৌডেল সুশীলা কার্কিকে শপথবাক্য পাঠ করান। রাষ্ট্রপতি জানান, নতুন তত্ত্বাবধায়ক সরকারের দায়িত্ব আগামী ছয় মাসের মধ্যে নতুন সংসদীয় নির্বাচন আয়োজন করা।

এই সপ্তাহের শুরুতে তরুণদের নেতৃত্বে ব্যাপক বিক্ষোভ ও নজিরবিহীন সহিংসতায় হিমালয় কন্যা নেপাল অচল অবস্থায় পৌঁছায়, যার ফলে অলি সরকারের পতন ঘটে।

সোমবার ৮ সেপ্টেম্বর শুরু হওয়া এই বিক্ষোভে এখন পর্যন্ত অন্তত ৫১ জনের প্রাণহানি ঘটেছে। এই আন্দোলনের পর, 'জেনারেশন জেড'-এর প্রতিনিধিদের সমর্থনে সুশীলা কার্কি প্রধানমন্ত্রীর প্রধান প্রার্থী হিসেবে উঠে আসেন।

শুক্রবারের শপথগ্রহণের পর কার্কি একটি ছোট মন্ত্রিসভা গঠন করবেন এবং তার প্রথম বৈঠকে সংসদ ভেঙে দেওয়ার সুপারিশ করতে পারেন বলে আশা করা হচ্ছে।

এর আগে শুক্রবার নেপালের প্রতিনিধি সভার স্পিকার দেবরাজ ঘিমিরে এবং জাতীয় পরিষদের চেয়ারম্যান নারায়ণ দাহাল সংবিধানের কাঠামোর মধ্যে থেকেই চলমান রাজনৈতিক অচলাবস্থার সমাধানের আহ্বান জানান।

## ধর্মনগরে সঙ্ঘবদ্ধ হামলায় জখম যুবক, উত্তপ্ত পরিস্থিতি

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১২ সেপ্টেম্বর।।** উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে এক যুবকের উপর সঙ্ঘবদ্ধ হামলার ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। রবিবার গভীর রাতে রামকৃষ্ণ মিশন রোড এলাকার বাসিন্দা রাজদ্বীপ নাথ (২৭)-এর উপর সংঘ দ্বীপ দেবরায়ের নেতৃত্বে ৫-৬ জন দুষ্কৃতিকারী ধারালো অস্ত্র নিয়ে হামলা চালায় বলে অভিযোগ। অভিযুক্তরা রাজদ্বীপকে রাস্তার উপর আক্রমণ করে বুক ও মাথায় গুরুতর আঘাত করে। স্থানীয়রা তড়িঘড়ি তাকে উদ্ধার করে ধর্মনগর থানায় নিয়ে যায়। পরে পুলিশ তাকে হাসপাতালে ভর্তির ব্যবস্থা করে। প্রাথমিক চিকিৎসার পর সোমবার সকালে রাজদ্বীপ বাড়ি ফিরে আসেন।

জানা গেছে, ঘটনার সময় রাজদ্বীপ বাড়ির সামনে গাড়ি গ্যারেজে রাখতে গিয়েছিলেন। সেই সুযোগে হামলাকারীরা তাকে ঘিরে ধরে আক্রমণ চালায়। অভিযোগ, নাথ যোগী সম্প্রদায়ের সংগঠনমূলক কাজে রাজদ্বীপ সক্রিয় থাকায় তাকে পূর্বেও একাধিকবার হুমকি দেওয়া হয়েছিল। রাজদ্বীপের কাকা প্রণয় দেবনাথ জানিয়েছেন, হামলাকারীরা

☛ ৬ এর পাতায় দেখুন

## দেশের ১৫তম উপরাষ্ট্রপতি হলেন সি পি রাধাকৃষ্ণণ

**নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর ।।** চন্দ্রপুরম পন্নুসামি রাধাকৃষ্ণন শুক্রবার রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠিত এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে ভারতের ১৫তম উপরাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁকে শপথবাক্য পাঠ করান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সহ একাধিক কেন্দ্রীয় মন্ত্রী ও বিরোধী দলের গুরুত্বপূর্ণ নেতারা। প্রাক্তন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়-ও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, উপরাষ্ট্রপতি নির্বাচনে রাধাকৃষ্ণন ৪৫২টি প্রথম পছন্দের ভোট পেয়ে বিজয়ী হন, যেখানে তাঁর প্রতিদ্বন্দ্বী, বিরোধী প্রার্থী বি. সুধর্ষন রেড্ডি পেয়েছেন ৩০০টি ভোট।



শপথ গ্রহণের আগে পর্যন্ত রাধাকৃষ্ণন মহারাষ্ট্রের রাজ্যপালের পদে কর্মরত ছিলেন। তিনি সেই পদ থেকে ইস্তফা দিয়ে উপরাষ্ট্রপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন।

☛ ৬ এর পাতায় দেখুন

## ধ্বস পরে বন্ধ কৈলাসহর কুমারঘাট জাতীয় সড়ক, চরম দুর্ভোগ যাত্রীদের

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১২ সেপ্টেম্বর।।** গতকাল রাতের প্রবল বর্ষণে বিপর্যস্ত হয়ে পড়েছে ঊনকোটি জেলার যোগাযোগ ব্যবস্থা। ভোর রাত প্রায় ৩টার সময় শান্তিপুর স্কুল সংলগ্ন এলাকায় জাতীয় সড়ক ২০৮-এ ভয়াবহ ধ্বস নামায় রাস্তা পুরোপুরি বন্ধ হয়ে যায়। ধ্বসের সঙ্গে সঙ্গে বৈদ্যুতিক খুঁটি উপড়ে পড়ে যাওয়ায় পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠে।

ফলে আজ সকালে কৈলাসহর থেকে কুমারঘাট রেলস্টেশনে যাত্রা করা বহু যাত্রী মাঝ পথে আটকে পড়েন। নিরুপায় হয়ে গাড়িগুলি ফের কৈলাসহরে ফিরে আসতে বাধ্য হয়। এতে যাত্রীদের দুর্ভোগ চরমে পৌঁছায়।

এছাড়াও উজান জলাইয়ের ৫ নম্বর ওয়ার্ডে একাধিক গাছ উপড়ে জাতীয় সড়কের উপর পড়ে যায়। স্থানীয় বাসিন্দা দেবব্রত দেব জানান, "প্রচণ্ড প্রাকৃতিক দুর্যোগের কারণেই এই ক্ষয়ক্ষতি হয়েছে। কিন্তু এখনও প্রশাসনের পক্ষ থেকে কোনও পদক্ষেপ নেওয়া হয়নি।"অন্যদিকে বলেহর এলাকা দিয়ে যাওয়া জাতীয়

☛ ৬ এর পাতায় দেখুন

**আর মাত্র ১৫ দিন**

## মনু নদী থেকে ভাসমান মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১২ সেপ্টেম্বর।।** শুক্রবার দুপুর বেলা কৈলাসহর শহরের শ্রীরামপুর ২ নম্বর ওয়ার্ড এলাকায় মনু নদী থেকে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির ভাসমান মৃতদেহ উদ্ধার হওয়ায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়।

স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার সকালবেলা প্রথম জলাই মনু নদীতে ওই মৃতদেহটিকে ভেসে থাকতে দেখা যায়। তবে নদীতে প্রবল স্রোত থাকায় সেই সময় মৃতদেহ আটকানো সম্ভব হয়নি। এরপর মৃতদেহটি ভেসে যায় সোনামুড়া ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি সেতুর নিচে। সেখানেও সেটি উদ্ধার করা সম্ভব হয়নি। অবশেষে দুপুরের দিকে শ্রীরামপুর এলাকায় মনু নদীতে মৃতদেহটি আটকে পড়ে।

খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় সিভিল ডিফেন্স, বিএসএফ, এনডিআরএফ, কৈলাসহর থানার পুলিশ, অগ্নিনির্বাপক কর্মী এবং মহকুমা প্রশাসনের কর্তারা। স্থানীয় বাসিন্দারাও উদ্ধার কাজে সহায়তা করেন। দীর্ঘ চেষ্টার পর মৃতদেহটি অবশেষে উদ্ধার সম্ভব হয়।

এদিন ঘটনাস্থলে উপস্থিত ছিলেন কৈলাসহর থানার ওসি তাপস ☛ ৬ এর পাতায় দেখুন

### ২০২৮-২৯ অর্থ বছরের মধ্যে

## আলু উৎপাদনে ত্রিপুরা স্বয়ংসম্পূর্ণ হবে ঃ কৃষিমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ সেপ্টেম্বর।।** ত্রিপুরা আগামী ২০২৮-২৯ অর্থবছরেরমধ্যে ত্রিপুরা আলু উৎপাদনেস্বয়ংসম্পর্ণহয়েযাবে।শুধু তাইনয়, নিজেররাজ্যেরপ্রতিটিপরিবারের চাহিদা পূরণকরে ২০২৯-৩০ অর্থবছরেরমধ্যে ত্রিপুরারউৎপাদিত আলু দেশেরঅন্যান্যরাজ্যেওরপ্তানি করা যাবে বলে আশা করা হচ্ছে। আজ সচিবালয়েক'ষি ও ক'ষককল্যাণমন্ত্রী রতনলালনাথতারঅফিস কক্ষে আয়োজিত এক সাংবাদিকসম্মেলনে এ তথ্য জানিয়েছেন। তিনিজানান, আলু উৎপাদনেশুধু স্বনির্ভরহওয়াইনয়, রাজ্যেআলুর চিপসপ্রসেসিং সেন্টারও গড়ে তোলা হবে। এ বিষয়ে আর.কে.ভি.ওয়াই. প্রকল্পেরমাধ্যমে ২০২৯-৩০ অর্থবছরের জন্য ৩৫ কোটি ৫৩ লক্ষটাকার একটি প্রজেক্টও গড়ে তোলা হয়েছে।

কৃষিমন্ত্রী জানান, পেরুররাজধানী লিমা থেকেএপিক্যালরুট কাটিংপদ্ধতিআমদানি করে আলু চাষকরেরাজ্যেএবছরআলুর রেকর্ডফলনহয়েছে। এই পদ্ধতিতেসারা দেশেরমধ্যে ত্রিপুরাতেইসবচেয়ে বেশিআলুরউৎপাদনহয়েছে।রাজ্যের এই সাফল্যেরখবর লাতিন আমেরিকাররাষ্ট্র পেরুতে গিয়ে পৌঁছানোরপর সেখান থেকে ইন্টারন্যাশনাল পটেটো সেন্টারের ডিরেক্টর জেনারেলসাইমনহ্যাক ও কাউন্ট্রি ম্যানেজার নিরোদশর্মা বিষয়টিচাক্ষুষকরতেরাজ্যে এসে পৌঁছেছেন।

কৃষিমন্ত্রী বলেন, খাদ্য হিসেবে আলু আজ সব দেশেইজনপ্রিয়হয়েউঠেছে। ত্রিপুরায়বর্তমানে ২৩ হাজার ৭৪৫ জন আলুচাষি ৭,৬২২ হেক্টরজমিতে আলু চাষকরছেন। আগে ত্রিপুরায় ☛ ৬ এর পাতায় দেখুন

## হঠাৎ বন্ধ আগরতলা উদয়পুর বাস পরিষেবা, বিপাকে যাত্রীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ সেপ্টেম্বর।।** আগাম কোন নোটিশ ছাড়া হঠাৎই বন্ধ করে দেওয়া হলো আগরতলা উদয়পুর বাস চলাচল। একাধিক অভিযোগ তুলে আজ বাস গাড়ি চলাচল বন্ধ করে দেয় চালকরা। আগাম নোটিশ ছাড়া আজ সকালে বাস চলাচল বন্ধ করে দেওয়ার ফলে তীব্র ভোগান্তির শিকার হন যাত্রীরা।

অভিযোগ, রাজু মজুমদার নামে উদয়পুরের মালিক সংস্থার সেক্রেটারি নাগেরজলার এক বাস চালক সহ কন্ডেকটারকে মারধর করে। পাশাপাশি যে সমস্ত বাসগুলো উদয়পুরের উদ্দেশ্যে যাচ্ছিল সমস্ত গাড়ি গুলোকে বিভিন্ন জায়গায় দাঁড় করিয়ে যাত্রীদের নামিয়ে গাড়ি গুলিকে আটকে রাখে এবং পরবর্তীতে আবার আগরতলার উদ্দেশ্যে ফেরত পাঠিয়ে দেয়। এই নিয়ে বাস চালকেরা ক্ষুব্ধ হয়ে আগরতলা - উদয়পুর বাস পরিষেবা বন্ধ রাখে। আগরতলা - উদয়পুর - দক্ষিণের বাস মালিক পক্ষের মধ্যে ঝামেলার জেরেই এদিন বন্ধ ছিল বাস পরিষেবা। যদিও এর ফলে তীব্র ভোগান্তির শিকার হতে হয়েছে নিত্য যাত্রীদের।

পশ্চিম জেলা বাস জীপ চালক সংঘ নাগেরজলা শাখার তরফে দাবি জানানো হয়েছে রাজু মজুমদারের বিরুদ্ধে যদি রাজ্য সরকার সহ প্রশাসন কোন ধরনের ব্যবস্থা না নেয় তাহলে আগামী দিনে বড় ধরনের পদক্ষেপ গ্রহণ করবে বলে জানা যায়।

## শ্রমিকের মৃতদেহ উদ্ধার, চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, পানিসাগর, ১২ সেপ্টেম্বর।।** মাত্র ক'দিন আগেই জলাবাসা ইটভাট্টায় বহিরাগত এক শ্রমিক খুনের ঘটনার রেশ কাটতে না কাটতেই ফের শ্রমিকের রহস্যজনক মৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ালো পানিসাগরে। শনিবার সকালে পানিসাগর নগর পঞ্চায়েত এলাকার মধ্যপাড়া ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট সংলগ্ন একটি কালভার্টের নিচ থেকে উদ্ধার হয় এক শ্রমিকের পচাগলা দেহ। মৃতের নাম প্রশান্ত তাঁতি (৪৯), ☛ ৬ এর পাতায় দেখুন




জাগরণ আগরতলা,১৩ সেপ্টেম্বর,২০২৫ ইং
২৭ ভাদ্র, শনিবার ১৪৩২ বঙ্গাব্দ

# অভ্যন্তরীণ নিরাপত্তায় পদক্ষেপ

দেশের আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করিতে কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ গ্রহণ করিয়াছে। বাংলাদেশের পর নেপালে অস্থির পরিস্থিতির কারণে অনুপ্রবেশের যথেষ্ট আশঙ্কা দেখা দিয়াছে। যেকোনো ধরনের অনুপ্রবেশ প্রতিহত করিতে সীমান্তের দায়িত্বপ্রাপ্ত নিরাপত্তা বাহিনীর জোয়ানদের করা নির্দেশ দেওয়া হইয়াছে। প্রয়োজন বোধে ভারত নেপাল সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করিবার উদ্যোগ নেওয়া হইবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্র পরিস্থিতির দিকে সতর্ক দৃষ্টি রাখিয়া চলিয়াছে। নেপালে অস্থির পরিস্থিতির সুযোগকে কাজে লাগাইয়া জেল ভাঙ্গিয়া বহু কয়েদি পলায়ন করিয়াছে। এইসব কয়েদিরা সীমান্ত ডিঙ্গাইয়া যে কোন সময় ভারতে অনুপ্রবেশ করিতে পারে। শুধু তাই নয়, নেপালের অস্থির পরিস্থিতির সুযোগকে কাজে লাগাইয়া লাগাইয়া সন্ত্রাসবাদীরা যেকোনো মুহূর্তে সীমান্ত অতিক্রম করিয়া ভারতে প্রবেশ করিতে পারে। স্বাভাবিক কারণে ভারত সরকারকে কঠোর মনোভাব গ্রহণ করিতে হইতেছে। কেননা ভারত সরকার অতীতের যাবতীয় অভিজ্ঞতার নিরিখে সীমান্ত সুরক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করিতেছে। নেপালে তীব্র রাজনৈতিক অস্থিরতা ঘনীভূত হইয়াছে। প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিতে বাধ্য হইয়াছেন কেপি শর্মা ওলি। ভাঙিয়া দেওয়া হইয়াছে সরকার। আপাতত সেনার হাতে শাসনভার। চারিদিকে অশান্তি আর জনরোষে জ্বলিতেছে নেপাল। এই পরিস্থিতিতে প্রতিবেশী ভারতের নিরাপত্তা নিয়াও আশঙ্কা তৈরি হইয়াছে। নেপালের অস্থির পরিস্থিতির মধ্যে সীমান্ত পেরিয়ে ভারতে অনুপ্রবেশের সম্ভাবনা উড়াইয়া দেওয়া যাইতছে না।গত কয়েক দিনে নেপালের জেল ভাঙিয়া পালানো একাধিক অপরাধী ভারতে ঢুকিয়া পড়িয়াছে। পশ্চিমবঙ্গ, বিহার, উত্তর প্রদেশ বিভিন্ন রাজ্য থেকে ইতিমধ্যেই ৩৫ জন অনুপ্রবেশকারীকে হাতে নাতে ধরিয়াছে সশস্ত্র সীমা বল (এসএসবি)। ঘটনায় কড়া নজর দিয়াছে স্বরাষ্ট্র মন্ত্রক। এসএসবি'র কাছে সীমান্ত পরিস্থিতির বিস্তারিত রিপোর্ট চাওয়া হইয়াছে। কোথাও পাহারায় ফাঁক থাকিতেছে কি না, তাও খতিয়ে দেখিতে বলা হইয়াছে। সীমান্তে আরও বাড়তি বাহিনী মোতায়েনের নির্দেশ দেওয়া হইয়াছে। প্রয়োজনে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ (আইটিবিপি) জওয়ানদেরও কাজে লাগানো হইতে পারে, যদিও আপাতত পরিস্থিতি সেই পর্য্যায়ে পৌঁছয়নি।ভারতের সঙ্গে নেপালের সীমান্ত দৈর্ঘ্য ১, ৭৫১ কিলোমিটার। এর মধ্যে উত্তর প্রদেশের সঙ্গে ৬৫১ কিলোমিটার, বিহারের সঙ্গে ৭২৬ কিলোমিটার, উত্তরাখণ্ডে ১৭৩ কিলোমিটার, পশ্চিমবঙ্গে ৯৬ কিলোমিটার এবং সিকিমে ৯৯ কিলোমিটার সীমান্ত রহিয়াছে। এই গোটা অংশের নিরাপত্তার দায়িত্বে রহিয়াছে এসএসবি।তবে দীর্ঘ বেড়াহীন সীমান্ত নেপালের অশান্ত সময়ে উদ্বেগ আরও বাড়াইতেছে। জঙ্গি গোষ্ঠীগুলির অনুপ্রবেশ যাহাতে না ঘটে, সে বিষয়ে কড়া নির্দেশ দেওয়া হইয়াছে এসএসবি'কে। আর সেই কারণেই সীমান্ত পরিস্থিতির পূর্ণাঙ্গ তথ্য জানিতে তৎপর হইয়া উঠিয়াছে কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রক।

# নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবার দাবিতে বিশালগড়ে বৈঠক, উপস্থিত বিদ্যুৎ মন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১২ সেপ্টেম্বর: নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবার দাবিতে সম্প্রতি জনতার আন্দোলনের পর এবার উদ্যোগী হলেন স্থানীয় বিধায়ক সুশান্ত দেব। তার আহবানে শুক্রবার বিকেলে বিশালগড়ে বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বিশেষ বৈঠকে যোগ দেন।

কয়েকদিন আগে বিশালগড়ের জাঙ্গালিয়া সাব-স্টেশন এলাকায় প্রায়শই বিদ্যুৎ বিভ্রাটে অতিষ্ঠ মানুষ পথ অবরোধ করে বিক্ষোভ দেখান। খবর পেয়ে গভীর রাতে ঘটনাস্থলে পৌঁছান বিধায়ক সুশান্ত দেব। তিনি বিক্ষুব্ধ জনতার অভিযোগ শুনে সমস্যার সমাধানে আশ্বাস দেন এবং নিজে বিদ্যুৎ কর্মীদের সঙ্গে রাতভর থেকে কাজ তদারকি করেন। অবশেষে গভীর রাতে বিদ্যুৎ সরবরাহ চালু হলে অবরোধ তুলে নেন মানুষ।

এরপর সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যে তিনি বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথকে বিশালগড়ে বৈঠক করার আহ্বান জানান। সেই মোতাবেক শুক্রবার বিকেলে বিশালগড় পঞ্চায়েত সমিতির হলঘরে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন মন্ত্রী। উপস্থিত ছিলেন বিধায়ক সুশান্ত দেব, বিশালগড় পুরসভার চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ, পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন অতসী দাস, ভাইস চেয়ারপার্সন ছন্দা দেববর্মা, বিডিও নান্টু দেব সহ বিদ্যুৎ নিগমের আধিকারিকরা।

মন্ত্রী বিদ্যুৎ পরিষেবা সংক্রান্ত নানা সমস্যা শুনে দ্রুত সমাধানের নির্দেশ দেন। তিনি জানান, "পূজার আগে যেন আর বিদ্যুৎ বিভ্রাট না হয়, সেই বিষয়ে দপ্তরকে সর্বোচ্চ গুরুত্ব দিতে বলা হয়েছে।"

তিনি আরও বলেন, বর্তমানে বিদ্যুতের চাহিদা উল্লেখযোগ্যভাবে বেড়েছে কারণ মানুষের আর্থিক সমৃদ্ধি ঘটেছে। এই চাহিদা মেটাতে নতুন প্রযুক্তির ব্যবহার, অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। বিশালগড়ে নিরবচ্ছিন্ন পরিষেবা নিশ্চিত করতে একজন স্ট্যান্ডবাই অফিসার ও অতিরিক্ত ট্রান্সফরমার রাখা হবে, যাতে কোনো যন্ত্র বিকল হলে দ্রুত পরিবর্তন করা যায়।

এছাড়াও মন্ত্রী রতন লাল নাথ জানান, গোকুলনগরে ১৩২ কেভি সাব-স্টেশন নির্মাণের কাজ প্রায় শেষের পথে। শুধু রেল লাইন ক্রসিংয়ের অনুমোদনের জন্য রেল মন্ত্রণালয়ের অনুমতির অপেক্ষা রয়েছে। অনুমতি মিললেই সাব-স্টেশন চালু হবে এবং স্থায়ীভাবে সমস্যার সমাধান হবে।

# পুরনো মোটরস্ট্যান্ডে নির্মাণকাজ চলাকালীন পড়ে গুরুতর আহত পরিযায়ী শ্রমিক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ সেপ্টেম্বর: পুরনো মোটরস্ট্যান্ডে নির্মীয়মাণ একটি বহুতল ভবন থেকে নিচে পড়ে গুরুতর আহত হলেন এক পরিযায়ী শ্রমিক। আহত শ্রমিকের নাম মদন বর্মন, বাড়ি কোচবিহার। প্রায় পাঁচ মাস ধরে তিনি ওই নির্মাণকাজে যুক্ত ছিলেন বলে জানা গেছে।

শ্রমিকদের সহকর্মীরা জানান, শুক্রবার কাজ চলাকালীন প্রায় তিন মিটার উঁচু থেকে হঠাৎই মাটিতে পড়ে যান মদন বর্মন। ঘটনার পরপরই খবর দেওয়া হয় অগ্নি নির্বাপক দপ্তরে। দমকল কর্মীরা দ্রুত ঘটনাস্থলে গিয়ে তাকে উদ্ধার করে জিবিপি হাসপাতালে নিয়ে যান। বর্তমানে তিনি সেখানে গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন।

এই ঘটনাকে ঘিরে শ্রমিকদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। অভিযোগ, নির্মাণস্থলে শ্রমিকদের জন্য কোনো ধরনের সুরক্ষা সরঞ্জাম রাখা হয়নি। হেলমেট, বেল্ট বা নিরাপত্তা জাল ছাড়াই শ্রমিকদের দিয়ে উঁচু ভবনের কাজ করানো হচ্ছে। ফলে যে কোনো সময় বড়সড় দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন স্থানীয়রা।

# ১৩ থেকে ১৫ সেপ্টেম্বর মিজোরাম, মণিপুর, আসাম, পশ্চিমবঙ্গ এবং বিহার সফর করবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর।। আগামীকাল ১৩ থেকে ১৫ সেপ্টেম্বর মিজোরাম, মণিপুর, আসাম, পশ্চিমবঙ্গ এবং বিহার সফর করবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

১৩ সেপ্টেম্বর প্রথমে প্রধানমন্ত্রী মিজোরাম সফর করবেন এবং সকাল ১০ টায় আইজলে ৯০০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। তিনি একটি জনসভায়ও ভাষণ দেবেন।

এরপর, প্রধানমন্ত্রী মণিপুর সফর করবেন এবং দুপুর সাড়ে ১২ টায় চুরাচাঁদপুরে ৭,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি এখানেও একটি জনসমাবেশে ভাষণ দেবেন। এছাড়াও, দুপুর ২:৩০ টায় ইম্ফলে ১,২০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করবেন এবং একটি জনসভায় ভাষণ দেবেন।

এরপর প্রধানমন্ত্রী আসাম সফরে যাবেন এবং বিকেল ৫ টায় গুয়াহাটিতে ভারতরত্ন ডঃ ভূপেন হাজারিকার ১০০ তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। তিনি এখানেও একটি জনসমাবেশে ভাষণ দেবেন।

১৪ সেপ্টেম্বর, প্রধানমন্ত্রী আসামে ১৮,৫৩০ কোটি টাকারও বেশি মূল্যের প্রধান পরিকাঠামো ও শিল্প উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি সকাল ১১ টায় দরং-এ বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং একটি অনুষ্ঠানে ভাষণ দেবেন। এরপর, তিনি দুপুর ১:৪৫ এ গোলাঘাটে আসাম বায়ো-ইথানল প্রাইভেট লিমিটেড, ও নুমালিগড় রিফাইনারি প্ল্যান্টের উদ্বোধন করবেন। তিনি গোলাঘাটে পলিপ্রোপিলিন প্ল্যান্টের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন।

১৫ সেপ্টেম্বর, প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গ সফর করবেন এবং সকাল সাড়ে ৯ টায় কলকাতায় ১৬তম সম্মিলিত কমান্ডার্স সম্মেলন-২০২৫ এর উদ্বোধন করবেন।

এরপর, প্রধানমন্ত্রী বিহার সফর করবেন এবং দুপুর ২:৪৫ এ পূর্ণিয়া বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করবেন। এছাড়াও, তিনি পূর্ণিয়ায় প্রায় ৩৬, ০০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন এবং এই উপলক্ষে একটি জনসভায় ভাষণ দেবেন। তিনি বিহারে জাতীয় মাখনা বোর্ডেরও উদ্বোধন করবেন।

মিজোরামে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী আইজলে ৯০০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। এই প্রকল্পগুলি রেলওয়ে, সড়ক, জ্বালানি, ক্রীড়া সহ বিভিন্ন ক্ষেত্রে সহায়তা করবে।

বিশ্বমানের পরিকাঠামো এবং শেষ মাইল সংযোগের প্রতি সরকারের প্রতিশ্রুতির সাথে সামঞ্জস্য রেখে, প্রধানমন্ত্রী ৮,০৭০ কোটি টাকারও বেশি মূল্যের বৈরাবি-সাইরাং নতুন রেল লাইন এর উদ্বোধন করবেন, যা প্রথমবারের মতো মিজোরামের রাজধানীকে ভারতীয় রেল নেটওয়ার্কের সাথে সংযুক্ত করবে। একটি সমস্যাসংকুল পাহাড়ি অঞ্চলে নির্মিত এই রেল লাইন প্রকল্পে জটিল ভূতাত্ত্বিক পরিস্থিতিতে ৪৫টি সুড়ঙ্গ নির্মিত হয়েছে। এছাড়াও, এতে ৫৫টি প্রধান সেতু এবং ৮৮টি ছোট সেতুও রয়েছে। মিজোরাম এবং দেশের বাকি অংশের মধ্যে সরাসরি রেল সংযোগ এই অঞ্চলের মানুষকে নিরাপদ, দক্ষ এবং সাশ্রয়ী ভ্রমণের বিকল্প সুযোগ প্রদান করবে। এটি খাদ্যশস্য, সার এবং অন্যান্য প্রয়োজনীয় পণ্যের সময়মত এবং নির্ভরযোগ্য সরবরাহ নিশ্চিত করবে, যার ফলে সামগ্রিক সরবরাহ দক্ষতা এবং আঞ্চলিক অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি পাবে।

প্রধানমন্ত্রী এই উপলক্ষে তিনটি নতুন এক্সপ্রেস ট্রেন, সাইরং (আইজল)-দিল্লি (আনন্দ বিহার টার্মিনাল) রাজধানী এক্সপ্রেস, সাইরং-গুয়াহাটি এক্সপ্রেস এবং সাইরং-কলকাতা এক্সপ্রেসের উদ্বোধন করবেন। আইজল এখন রাজধানী এক্সপ্রেসের মাধ্যমে দিল্লির সাথে সরাসরি যুক্ত হবে। সাইরং-গুয়াহাটি এক্সপ্রেস মিজোরাম ও আসামের মধ্যে চলাচল সহজতর করবে। সাইরং-কলকাতা এক্সপ্রেস মিজোরামকে সরাসরি কলকাতার সাথে সংযুক্ত করবে। এই বর্ধিত সংযোগ হাসপাতাল, বিশ্ববিদ্যালয় এবং বাজারে প্রবেশাধিকারের সুযোগ উন্নত করবে, যার ফলে এই অঞ্চল জুড়ে শিক্ষা, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক সম্পর্ককে জোরদার হবে। এটি কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে এবং এই অঞ্চলে পর্যটনকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে।

সড়ক পরিকাঠামোর উন্নয়নে প্রধানমন্ত্রী একাধিক সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর মধ্যে রয়েছে আইজল বাইপাস রোড, থেনজল-শিয়ালসুক রোড এবং খানকান-রঙ্গুরা রোড।

পিএম উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন উদ্যোগ (পিএম-ডিভাইন) প্রকল্পের অধীনে ৫০০ কোটি টাকারও বেশি ব্যয়ে ৪৫ কিলোমিটার দীর্ঘ আইজল বাইপাস সড়কটি আইজল শহরের যানজট কমাতে, লুংলেই, সিয়াহা, লংটলাই, লেংপুই বিমানবন্দর এবং সাইরাং রেলওয়ে স্টেশনের সাথে যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করতে সহায়তা করবে। এটি দক্ষিণ জেলা থেকে আইজল ভ্রমণের সময় প্রায় ১.৫ ঘন্টা কমিয়ে দেবে, যা এই অঞ্চলের মানুষদের জন্য উল্লেখযোগ্যভাবে উপকারী হবে। উত্তর-পূর্ব বিশেষ পরিকাঠামো উন্নয়ন প্রকল্প এনইএসআইডিএস (সড়ক) এর অধীনে থেনজাল-শিয়ালসুক সড়কটি অনেক উদ্যানপালক, ড্রাগন ফল চাষী, ধান চাষী এবং আদা প্রক্রিয়াজাতকারীকে উপকৃত করবে, একই সাথে আইজল-থেনজাল-লুঙ্গলেই মহাসড়কের সাথে যোগাযোগ জোরদার করবে। সেরছিপ জেলার এনইএসআইডিএস (সড়ক) এর অধীনে খানকান-রঙ্গুরা সড়কটি বাজারে আরও ভাল প্রবেশাধিকার প্রদান করবে এবং এই অঞ্চলের বিভিন্ন উদ্যানপালক এবং অন্যান্য মানুষকে উপকৃত করবে, একই সাথে পরিকল্পিত আদা প্রক্রিয়াকরণ কেন্দ্রকে সমর্থন করবে।

প্রধানমন্ত্রী লংটলাই-সিয়াহা সড়কে ছিমতুইপুই নদী সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এটি সমস্ত-আবহাওয়ার উপযোগী যোগাযোগ ব্যবস্থা প্রদান করবে এবং ভ্রমণের সময় দুই ঘন্টা কমিয়ে আনবে। সেতুটি কালাদান মাল্টিমডেল ট্রানজিট কাঠামোর অধীনে আন্তঃসীমান্ত বাণিজ্যকেও সমর্থন করবে।

প্রধানমন্ত্রী খেলো ইন্ডিয়া মাল্টিপারপাস ইন্ডোর হল ফর স্পোর্টস ডেভেলপমেন্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। টুইকুয়ালের হলটি আধুনিক ক্রীড়া সুবিধা প্রদান করবে যার মধ্যে একটি বহুমুখী ইন্ডোর এরিনা থাকবে যা মিজোরামের যুবসমাজকে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য উপকৃত করবে এবং লালন-পালন করবে।

এই অঞ্চলে জ্বালানি পরিকাঠামো শক্তিশালী করে প্রধানমন্ত্রী আইজলের মুয়ালখাংয়ে ৩০ টিএমটিপিএ (বার্ষিক হাজার মেট্রিক টন) এলপিজি বোতলজাতকরণ প্ল্যান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর লক্ষ্য হল মিজোরাম এবং প্রতিবেশী রাজ্যগুলিতে স্বচ্ছ রান্নার জ্বালানি সহজে সুবিধা প্রদানের মাধ্যমে এলপিজির স্থিতিশীল এবং নির্ভরযোগ্য সরবরাহ নিশ্চিত করা। এটি স্থানীয় কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে।

জন বিকাশ কার্যক্রম (পিএমজেভিকে) প্রকল্পের অধীনে কাওর্থায় আবাসিক বিদ্যালয়ের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। মামিত উচ্চাকাঙ্ক্ষী জেলার এই বিদ্যালয়ে আধুনিক শ্রেণীকক্ষ, ছাত্রাবাস এবং কৃত্রিম ফুটবল টার্ফ সহ ক্রীড়া সুবিধা প্রদান করা হবে। এটি ১০,০০০ এরও বেশি শিশু এবং যুবককে উপকৃত করবে, যা দীর্ঘমেয়াদী সামাজিক ও শিক্ষাগত অগ্রগতির ভিত্তি স্থাপন করবে।

সকলের জন্য মানসম্মত শিক্ষার তার দৃষ্টিভঙ্গিকে আরও এগিয়ে নিয়ে, প্রধানমন্ত্রী তলাংনুমে একলব্য মডেল আবাসিক বিদ্যালয়েরও উদ্বোধন করবেন। এই বিদ্যালয়টি ভর্তির ব্যবস্থাকে উন্নতি করবে, ছাত্রছাত্রীদের ড্রপআউটের হার কমাবে এবং জনজাতি যুবকদের জন্য সামগ্রিক শিক্ষার সুযোগ প্রদান করবে।

মণিপুরে প্রধানমন্ত্রী

মণিপুরের অন্তর্ভুক্তিমূলক, সুস্থায়ী এবং সামগ্রিক উন্নয়নের প্রতিশ্রুতি অনুসারে, প্রধানমন্ত্রী চুরাচাঁদপুরে ৭,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রকল্পগুলির মধ্যে রয়েছে ৩,৬০০ কোটি টাকারও বেশি মূল্যের মণিপুর নগর সড়ক, নিষ্কাশন এবং সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প; ২,৫০০ কোটি টাকারও বেশি মূল্যের ৫টি জাতীয় মহাসড়ক প্রকল্প; মণিপুর ইনফোটেক ডেভেলপমেন্ট (এমআইএনডি) প্রকল্প, ৯টি স্থানে কর্মরত মহিলা হোস্টেল সহ অন্যান্য প্রকল্প।

প্রধানমন্ত্রী ইম্ফলে ১,২০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধনও করবেন। এর মধ্যে রয়েছে মন্ত্রীপুখ্রিতে সিভিল সচিবালয়; মন্ত্রীপুখ্রিতে আইটি এসইজেড ভবন এবং নতুন পুলিশ সদর দপ্তর; দিল্লি ও কলকাতায় মণিপুর ভবন; এবং ৪টি জেলায় ইমা মার্কেট, যা মহিলাদের জন্য অনন্য।

আসামে প্রধানমন্ত্রী

১৩ সেপ্টেম্বর, প্রধানমন্ত্রী গুয়াহাটিতে ভারতরত্ন ডঃ ভূপেন হাজারিকার ১০০ তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে যোগ দেবেন। এই উদযাপন ডঃ হাজারিকার জীবন ও উত্তরাধিকারকে সম্মান জানাবে, যার অসমীয়া সঙ্গীত, সাহিত্য ও সংস্কৃতিতে অবদান অতুলনীয়।

১৪ সেপ্টেম্বর, প্রধানমন্ত্রী আসামে ১৮,৫৩০ কোটি টাকারও বেশি মূল্যের প্রধান পরিকাঠামো ও শিল্প উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

দারংয়ে, প্রধানমন্ত্রী একাধিক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রকল্পগুলির মধ্যে রয়েছে দারং মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং জিএনএম স্কুল এবং বি.এসসি. নার্সিং কলেজ, যা এই অঞ্চলে চিকিৎসা শিক্ষা এবং স্বাস্থ্যসেবা প্রদানকে শক্তিশালী করবে; গুয়াহাটি রিং রোড প্রকল্প যা নগরীর গতিশীলতা বৃদ্ধি করবে, যানজট কমাবে এবং রাজধানী শহরের আশেপাশে যোগাযোগ ব্যবস্থা উন্নত করবে; এবং ব্রহ্মপুত্র নদীর উপর কুরুওয়া-নারেঙ্গি সেতু যা যোগাযোগ ব্যবস্থা উন্নত করবে এবং এই অঞ্চলে আর্থ-সামাজিক উন্নয়নকে উৎসাহিত করবে।

গোলাঘাটের নুমালিগড়ে, নুমালিগড় রিফাইনারি লিমিটেড (এনআরএল) তে আসাম বায়োইথানল প্ল্যান্টের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী, যার লক্ষ্য স্বচ্ছ শক্তির প্রচার এবং জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা হ্রাস করা। তিনি নুমালিগড় রিফাইনারি লিমিটেড (এনআরএল) তে পলিপ্রোপিলিন প্ল্যান্টের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন, যা আসামের পেট্রোকেমিক্যাল খাতে উল্লেখযোগ্য অবদান রাখবে। এটি কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে এবং এই অঞ্চলের সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়নের দিকে পরিচালিত করবে।

পশ্চিমবঙ্গে প্রধানমন্ত্রী

একটি শক্তিশালী, সুরক্ষিত এবং আত্মনির্ভর ভারতের প্রতি তাঁর অঙ্গীকারের সাথে সঙ্গতি রেখে, প্রধানমন্ত্রী ১৫ সেপ্টেম্বর কলকাতায় ১৬তম সম্মিলিত কমান্ডার সম্মেলন-২০২৫ এর উদ্বোধন এবং সেখানে একটি ভাষণ দেবেন। এটি সশস্ত্র বাহিনীর সর্বোচ্চ স্তরের চিন্তাভাবনামূলক ফোরাম, যা দেশের শীর্ষ অসামরিক এবং সামরিক নেতৃত্বকে একত্রিত করবে ভারতের সামরিক প্রস্তুতির ভবিষ্যত উন্নয়নের জন্য মতামত বিনিময় এবং ভিত্তি স্থাপনের জন্য। প্রতি দুই বছরে একবার অনুষ্ঠিত, ১৬তম সম্মিলিত কমান্ডার সম্মেলন ১৫ থেকে ১৭ সেপ্টেম্বর কলকাতায় অনুষ্ঠিত হবে। এই বছরের সম্মেলনের বিষয়বস্তু হল 'সংস্কার বছর - ভবিষ্যতের জন্য রূপান্তর'।

বিহারে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বিহারে জাতীয় মাখনা বোর্ডের সূচনা করবেন। বোর্ড উৎপাদন ও নতুন প্রযুক্তি উন্নয়ন, ফসল কাটার পরবর্তী ব্যবস্থাপনা জোরদার, মূল্য সংযোজন ও প্রক্রিয়াকরণকে উৎসাহিত করবে এবং মাখনায় বাজার, রপ্তানি ও ব্র্যান্ড উন্নয়ন সহজতর করবে, যার ফলে বিহার এবং দেশের মাখনা কৃষকরা উপকৃত হবেন।

দেশের মোট মাখনা উৎপাদনের প্রায় ৯০ শতাংশ বিহার থেকে আসে। মধুবনী, দারভাঙ্গা, সীতামারহি, সহরসা, কাটিহার, পূর্ণিয়া, সুপৌল, কিষাণগঞ্জ এবং আরারিয়ার মতো গুরুত্বপূর্ণ জেলাগুলি প্রধান কেন্দ্র হিসেবে কাজ করে কারণ তাদের অনুকূল জলবায়ু এবং উর্বর মাটি রয়েছে যা উন্নত মানের মাখনার জন্য অবদান রাখে। বিহারে মাখনা বোর্ড প্রতিষ্ঠা রাজ্য এবং দেশে মাখনা উৎপাদনকে একটি বড় ধরণের উৎসাহিত করবে এবং এই ক্ষেত্রে বিশ্ব মানচিত্রে বিহারের উপস্থিতি আরও জোরদার করবে।

প্রধানমন্ত্রী পূর্ণিয়া বিমানবন্দরের নিউ সিভিল এনক্লেভে অন্তর্বর্তীকালীন টার্মিনাল ভবন উদ্বোধন করবেন যা এই অঞ্চলে যাত্রী পরিবহন ক্ষমতা বৃদ্ধি করবে। প্রধানমন্ত্রী পূর্ণিয়ায় প্রায় ৩৬,০০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন।

প্রধানমন্ত্রী ভাগলপুরের পীরপৈন্তিতে ৩অ৮০০ মেগাওয়াট তাপবিদ্যুৎ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এটি হবে বিহারের ২৫,০০০ কোটি টাকার বৃহত্তম বেসরকারি খাতের বিনিয়োগ। এটি অতি-সুপার-ক্রিটিক্যাল, কম-নির্গমন প্রযুক্তির উপর নির্মিত। প্রকল্পটি নিবেদিতপ্রাণ বিদ্যুৎ সরবরাহ করবে এবং বিহারের জ্বালানি নিরাপত্তা জোরদার করবে।

প্রধানমন্ত্রী ২৬৮০ কোটি টাকারও বেশি মূল্যের কোশি-মেচি আন্তঃরাজ্য নদী সংযোগ প্রকল্পের প্রথম পর্যায়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এতে পলি অপসারণ, ক্ষতিগ্রস্ত কাঠামো পুনর্নির্মাণ এবং বসতি স্থাপনকারী অববাহিকার সংস্কার সহ খালটির উন্নয়নের উপর জোর দেওয়া হবে। পাশাপাশি এর নিষ্কাশন ক্ষমতা ১৫,০০০ থেকে ২০,০০০ কিউসেক পর্যন্ত বাড়ানো হবে। এটি উত্তর-পূর্ব বিহারের একাধিক জেলাকে সেচ সম্প্রসারণ, বন্যা নিয়ন্ত্রণ এবং কৃষি স্থিতিশীলতার মাধ্যমে উপকৃত করবে।

রেল যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করার প্রতিশ্রুতি অনুসারে, প্রধানমন্ত্রী বিহারে রেল প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং একাধিক ট্রেনের উদ্বোধন করবেন।

প্রধানমন্ত্রী ২,১৭০ কোটি টাকারও বেশি মূল্যের বিক্রমশিলা-কাটারিয়া রেল লাইনের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন, যা গঙ্গা নদীর উপর দিয়ে সরাসরি রেল যোগাযোগ স্থাপন করবে। এটি গঙ্গার উপর দিয়ে সরাসরি রেল সংযোগ প্রদান করবে যা এই অঞ্চলের মানুষের জন্য উল্লেখযোগ্যভাবে উপকারী হবে।

প্রধানমন্ত্রী ৪,৪১০ কোটি টাকারও বেশি মূল্যের আরারিয়া - গালগালিয়া (ঠাকুরগঞ্জ) এর মধ্যে নতুন রেল লাইনের উদ্বোধন করবেন।

প্রধানমন্ত্রী আরারিয়া - গালগালিয়া (ঠাকুরগঞ্জ) বিভাগে ট্রেনের সূচনা করবেন, যা আরারিয়া এবং কিষাণগঞ্জ জেলার মধ্যে সরাসরি রেল যোগাযোগ স্থাপন করবে, যার ফলে উত্তর-পূর্ব বিহার জুড়ে যোগাযোগ ব্যবস্থা উল্লেখযোগ্যভাবে উন্নত হবে। তিনি যোগবাণী এবং দানাপুরের মধ্যে বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনেরও সূচনা করবেন, যার ফলে আরারিয়া, পূর্ণিয়া, মাধেপুরা, সহরসা, খাগরিয়া, বেগুসরাই, সমস্তিপুর, মুজাফফরপুর, বৈশালী এবং পাটনার মতো জেলাগুলি সরাসরি উপকৃত হবে। তিনি সহরসা এবং ছেহরতা (অমৃতসর) এবং যোগবাণী এবং ইরোডের মধ্যে অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনেরও সূচনা করবেন। এই ট্রেনগুলি আধুনিক অভ্যন্তরীণ সজ্জা, উন্নত সুযোগ-সুবিধা এবং দ্রুত ভ্রমণের ক্ষমতা প্রদান করবে, একই সাথে অঞ্চলগুলিতে অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং সামাজিক একীকরণ বৃদ্ধি করবে।

প্রধানমন্ত্রী পূর্ণিয়ায় লিঙ্গ-সর্টেড বীর্য সুবিধার উদ্বোধন করবেন। এটি রাষ্ট্রীয় গোকুল মিশনের অধীনে একটি অত্যাধুনিক বীর্য কেন্দ্র, যা বছরে ৫ লক্ষ লিঙ্গ-সর্টেড বীর্য ডোজ উৎপাদন করতে সক্ষম। পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে এই ধরণের প্রথম সুবিধাটি ২০২৪ সালের অক্টোবরে চালু হওয়া দেশীয়ভাবে উন্নত প্রযুক্তি ব্যবহার করে হয়েছে, যা মেক ইন ইন্ডিয়া এবং আত্মনির্ভর ভারতের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ। কন্যা বাছুরের জন্মের সম্ভাবনা বৃদ্ধি করে, প্রযুক্তিটি ক্ষুদ্র, প্রান্তিক কৃষক এবং ভূমিহীন শ্রমিকদের আরও প্রতিস্থাপনকারী গাভী নিশ্চিত করতে, অর্থনৈতিক চাপ কমাতে এবং উন্নত দুগ্ধ উৎপাদনশীলতার মাধ্যমে আয় বৃদ্ধি করতে সহায়তা করবে।

প্রধানমন্ত্রী পিএমএওয়াই (আর) এর অধীনে ৩৫,০০০ গ্রামীণ সুবিধাভোগী এবং পিএমএওয়াই (ইউ) এর অধীনে ৫,৯২০ শহুরে সুবিধাভোগীর জন্য অনুষ্ঠিত গৃহপ্রবেশ অনুষ্ঠানেও অংশগ্রহণ করবেন এবং কয়েকজন সুবিধাভোগীর হাতে চাবি তুলে দেবেন।প্রধানমন্ত্রী বিহারে ডে-এনআরএলএম এর অধীনে ক্লাস্টার স্তরের ফেডারেশনগুলিতে প্রায় ৫০০ কোটি টাকার কমিউনিটি বিনিয়োগ তহবিল বিতরণ করবেন এবং কয়েকজন সিএলএফ সভাপতির হাতে চেক তুলে দেবেন।

# বিশ্বব্যাপী প্লাস্টিক দূষণ

## তাহসিন আলম

এক হিসেবে বর্তমান পরিস্থিতিকে বলা যায়, পৃথিবী ডুবে গেছে প্লাস্টিকের সাগরে। প্রতিনিয়ত বাড়ছে প্লাস্টিকের ব্যবহার। সঙ্গে বাড়ছে প্লাস্টিক দূষণের মাত্রাও। প্রতি বছর প্রায় ১ কোটি ৯০ লাখ থেকে ২ কোটি ৩ লাখ টন প্লাস্টিক বর্জ্য জলজ বাস্তুতন্ত্রে ছড়িয়ে পড়ছে। প্লাস্টিক দূষণ হয়ে উঠছে চরম পরিবেশগত সমস্যাগুলোর মধ্যে একটি। ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে বাস্তুসংস্থান এবং সংশ্লিষ্ট জীবন। কীভাবে হচ্ছে এসব? এর থেকে পরিত্রাণের কি কোনো উপায় আছে? এশিয়ার উন্নয়নশীল দেশ বা আফ্রিকার দেশগুলোতে প্লাস্টিক দূষণ বেশি হয়। কারণ এসব জায়গায় বর্জ্য ব্যবস্থাপনা পরিবেশবান্ধব নয়। কিন্তু কম রিসাইক্লিং হারের কারণে কিছু উন্নত দেশেও প্রচুর প্লাস্টিক দূষণ হয়। প্লাস্টিকের উৎপাদন এবং গণহারে ব্যবহারের ইতিহাস সর্বোচ্চ ১০০ বছরের পুরোনো। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর হাজার হাজার নতুন প্লাস্টিক পণ্যের উৎপাদন ও বিকাশ ত্বরান্বিত হয়। আর এখন প্লাস্টিক ছাড়া বিশ্বকে কল্পনা করা অসম্ভব হয়ে পড়ে। সব দেশ ইচ্ছামতো প্লাস্টিক ব্যবহার করে। দুর্ভাগ্যবশত প্লাস্টিক শত শত বছরেও নষ্ট হয় না। তাই এটা এখন মানুষের মাথাব্যথায় পরিণত হয়েছে। শুধু ২০২০ সালেই বিশ্বব্যাপী প্লাস্টিক শিল্প থেকে প্রায় ১৮০ কোটি টন কার্বন ডাই-অক্সাইডের সমপরিমাণ গ্যাস নির্গত হয়েছে। যুক্তরাষ্ট্রের ম্যাক আর্থার ফাউন্ডেশনের তথ্যানুসারে, ২০২০ সালে প্লাস্টিকের প্যাকেট তৈরিতে ১ কোটি ৪৬ লাখ মেট্রিক টন প্লাস্টিক ব্যবহার করা হয়েছে। যা মোট প্লাস্টিক বর্জ্যের প্রায় ২৮ শতাংশ। এই প্যাকেটগুলো আবার যাচ্ছে নদী বা সাগরে। সেখানে বিভিন্ন প্রাণীরা একে গ্রহণ করছে খাদ্য হিসেবে। ফলে শরীরের বিভিন্ন অংশের সঙ্গে প্লাস্টিকগুলো জড়িয়ে যাচ্ছে। ইউটিউবে এমন অনেক ভিডিও দেখা যায়, যেখানে সী লায়নের শরীরে প্লাস্টিক বাজেভাবে জড়িয়ে রয়েছে। বিভিন্ন সামুদ্রিক প্রাণী প্লাস্টিকের আক্রমণে ক্ষত-বিক্ষত হওয়ার ভিডিও অনেক আছে অনলাইনে। এখানেই শেষ নয়। প্লাস্টিক পোড়ানোর ফলে বাতাসে বিষাক্ত পদার্থ মিশে বাতাসকে দূষিত করছে। আর সেই বাতাস আমাদের দেহের ক্ষতি করছে। প্লাস্টিক দূষণের ফলে পরিযায়ী পাখিরাও অপূরণীয় ক্ষতির সম্মুখীন হচ্ছে। এমনকি বাধাগ্রস্ত হচ্ছে তাদের স্বাভাবিক প্রজনন। বিভিন্ন প্রাণীদের মতো মানুষের রক্তেও পাওয়া গেছে মাইক্রোপ্লাস্টিক। আপনার নিষ্পাপ শিশুটাও শিকার হচ্ছে প্লাস্টিক দূষণের। পরিস্থিতি কতটা ভয়ংকর! প্লাস্টিক দূষণ বাস্তুতন্ত্রের জলবায়ু পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার ক্ষমতা হ্রাস করে এবং লাখ লাখ মানুষের জীবিকা, খাদ্য উৎপাদন ক্ষমতা ও সামাজিক কল্যাণকে সরাসরি প্রভাবিত করে এরই মধ্যে আবার নতুন বিপদের কথা শুনিয়েছেন সুইডেনের ইউনিভার্সিটি অব গোথেনবার্গের গবেষকেরা। তাঁদের গবেষণায় দেখা গেছে, প্লাস্টিকের পুনর্ব্যবহারও অনিরাপদ। কারণ রিসাইকেল প্লাস্টিকেও তাঁরা বিষাক্ত পদার্থ খুঁজে পেয়েছেন। মানবদেহ ও পরিবেশের জন্য যা খুব মারাত্মক। প্লাস্টিক দূষণ প্রাণীদের স্বাভাবিক বাসস্থান এবং প্রাকৃতিক প্রক্রিয়াগুলোকে পরিবর্তন করতে পারে। বাস্তুতন্ত্রের জলবায়ু পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার ক্ষমতা হ্রাস করে এবং লাখ লাখ মানুষের জীবিকা, খাদ্য উৎপাদন ক্ষমতা ও সামাজিক কল্যাণকে সরাসরি প্রভাবিত করে। ইউএনইপি-এর কর্মশালা থেকে জানা যায়, এই পলিমারিক উপাদানটির পরিবেশগত, সামাজিক, অর্থনৈতিক এবং স্বাস্থ্য ঝুঁকিগুলিকে অন্যান্য পরিবেশগত চাপের পাশাপাশি মূল্যায়ন করা প্রয়োজন। তা না হলে অদূর ভবিষ্যতে আমাদেরকে অপূরণীয় ক্ষতির সম্মুখীন হতে হবে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# তামাক মুক্ত ত্রিপুরা গঠনের বিষয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ সেপ্টেম্বর:প্যালেস কম্পাউন্ডস্থিত জাতীয় স্বাস্থ্য মিশনের কনফারেন্স হলে আজ একদিনের রাজ্যভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা সাজু বাহিদ এ। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন-এর মাধ্যমে কর্মশালার সূচনা করেন ''অ্যালায়েন্স ফর টোবাকো ফ্রি ত্রিপুরা''- কনভেনার ডা. সুজিত ঘোষ। বিভিন্ন দপ্তরের সাথে যৌথ উদ্যোগে তামাক মুক্ত ত্রিপুরা গঠনের বিষয়ে কর্মশালায় আলোচনা করা হয়। কর্মশালায় আলোচনায় অংশ নিয়ে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা দপ্তরের এই উদ্যোগকে স্বাগতম জানান। তিনি তামাক মুক্ত ত্রিপুরা গঠনে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বর্তমান প্রজন্মের স্বার্থে চাইল্ড ম্যারেজ ও মাদকাশক্তি প্রতিরোধে আরও জনসচেতনতা গড়ে তোলার আহ্বান জানান। এ বিষয়গুলি বিদ্যালয়স্তরের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার জন্য তিনি গুরুত্ব আরোপ করেন।

আলোচনায় অংশ নিয়ে চাইল্ড ওয়েলফেয়ার কমিটির চেয়ারপার্সন অ্যাডভোকেট অস্মিতা বণিক তামাক মুক্ত ত্রিপুরা গঠনে বিভিন্ন দপ্তরকে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করার আহ্বান জানান। তিনি এ বিষয়ে সামাজিক সচেতনতা আরও বাড়ানোর প্রতি অনুরোধ জানান। মিশন অধিকর্তা সাজু বাহিদ এ আলোচনায় অংশ নিয়ে বলেন, তামাক মুক্ত ত্রিপুরা গড়ার জন্য চাই সকল দপ্তর ও সব অংশের মানুষের সহযোগিতা। কর্মশালায় আলোচনায় অংশ নিয়ে নরসিংগড়স্থিত জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তথা ''অ্যালায়েন্স ফর টোবাকো ফ্রি ত্রিপুরা''-র চেয়ারপার্সন অধ্যাপক যোগেশ প্রতাপ সিং তামাক নিয়ন্ত্রণ বিধি ২০০৩ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

তামাক নিয়ন্ত্রণে ভলান্টারী হেলথ এসোসিয়েশন অফ ত্রিপুরা-র কর্মধারা বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, এ বিষয়ে ৮ জেলার জেলাশাসকের নেতৃত্বে বিভিন্ন দপ্তরের সমন্বয়ে প্রচার, জনসচেতনতা ও কর্মশালার কাজ চলছে। ৪৮০টি গ্রাম পঞ্চায়েতের জন প্রতিনিধিদের এবিষয়ে সচেতন করতে উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া আলোচনায় অংশ নেন নেহরু যুব কেন্দ্রের (মাই ভারত) স্টেট ডিরেক্টর বি পি শাহ, অ্যান্টি নার্কোটিক্স-র অতিরিক্ত পুলিশ সুপার মিনা কুমারী দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা চন্দ্রাণী বিশ্বাস, পুলিশ ট্রেনিং একাডেমীর ডেপুটি এস পি প্রদীপ সরকার, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসেসিয়েশনের (ত্রিপুরা) সভাপতি ডা. অভিজিৎ সরকার, এজিএমসি''র ভারপ্রাপ্ত অধ্যক্ষ (প্রফেসর) ডা. বিপ্লব নাথ, নগর উন্নয়ন দপ্তরের উপঅধিকর্তা পি দেববর্মা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা টিন্তু বিশ্বাস সহ স্বাস্থ্য, প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা, কর ও আবগারী দপ্তরের আধিকারিকগণ। কর্মশালায় আধিকারিকগণ তামাক মুক্ত ত্রিপুরা গঠনে তাদের বিভিন্ন প্রস্তাব তুলে ধরেন।

# উপরাষ্ট্রপতির শপথগ্রহণ অনুষ্ঠানে জগদীপ ধনখড়; পদত্যাগের পর প্রথম প্রকাশ্যে উপস্থিতি

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর: ভারতের ১৫তম উপরাষ্ট্রপতি হিসেবে চন্দ্রপুরম পন্নুসামি রাধাকৃষ্ণন রাষ্ট্রপতি ভবনে এক আনুষ্ঠানিক অনুষ্ঠানে শপথ নেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁকে শপথবাক্য পাঠ করান। উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সহ একাধিক কেন্দ্রীয় মন্ত্রী, সাংসদ ও বিশিষ্ট ব্যক্তিবর্গ।

তবে এই অনুষ্ঠানে প্রাক্তন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের উপস্থিতি বিশেষ দৃষ্টি আকর্ষণ করে, কারণ জুলাই ২০২৫-এ আকস্মিক পদত্যাগের পর এটিই ছিল তাঁর প্রথম প্রকাশ্য উপস্থিতি।

ধনখড় স্বাস্থ্যজনিত কারণে উপরাষ্ট্রপতির পদ থেকে ইস্তফা দিয়েছিলেন বলে সরকারি সূত্র জানায়। যদিও বিরোধী পক্ষ এই কারণ মানতে নারাজ, এবং দাবি করে যে ধনখড়কে "জোর করে সরিয়ে দেওয়া হয়েছে"। এই নিয়ে সংসদীয় রাজনীতিতে কম জলঘোলা হয়নি।

পদত্যাগের পর ধনখড় একেবারেই জনসমক্ষে আসেননি, এমনকি কোনও অনুষ্ঠানে অংশগ্রহণ বা সংবাদমাধ্যমের সঙ্গেও যোগাযোগ করেননি। রাজনৈতিক মহলের মতে, এটি ছিল তাঁর সচেতন সিদ্ধান্ত।

নতুন উপরাষ্ট্রপতি হিসেবে সিপি রাধাকৃষ্ণনের শপথগ্রহণ অনুষ্ঠানে ধনখড়ের উপস্থিতি তাই রাজনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে।

রাধাকৃষ্ণন, যিনি এনডিএ-র প্রার্থী ছিলেন, সেপ্টেম্বর ৯ তারিখের নির্বাচনে ৪৫২ ভোট পেয়ে বিপুলভাবে বিজয়ী হন। তাঁর প্রতিদ্বন্দ্বী, বিরোধী প্রার্থী বি. সুধর্ষন রেড্ডি পান ৩০০ ভোট। রাধাকৃষ্ণন এর আগে কোয়েম্বাটুর থেকে দু'বারের বিজেপি সাংসদ এবং তামিলনাড়ুর বিজেপি সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর রাজনীতিক জীবন শুরু হয় জনসংঘের হাত ধরে, যা পরে বিজেপিতে রূপান্তরিত হয়।জগদীপ ধনখড় রাধাকৃষ্ণনের জয়ে তাঁকে শুভেচ্ছা জানিয়ে এক চিঠিতে লেখেন, 'আপনার এই পদে উন্নীত হওয়া আমাদের জাতির প্রতিনিধিদের বিশ্বাস ও আস্থার প্রতিফলন।'তিনি আরও লেখেন, 'আপনার নেতৃত্বে এই অফিস আরও সম্মান ও মহিমা অর্জন করবে।'

উল্লেখ্য, ধনখড় ২১ জুলাই উপরাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন, যার ফলে এই নতুন নির্বাচনের পথ প্রশস্ত হয়। এই অনুষ্ঠানের মাধ্যমে শুধু নতুন উপরাষ্ট্রপতির কার্যকাল শুরু নয়, ধনখড়ের নীরবতার অবসানও ঘটল বলে মনে করছে রাজনৈতিক মহল।

# নেপালে অস্থিরতার মধ্যে আটকে পড়া ২৩ ওড়িয়া নাগরিকের সফল উদ্ধারে ওড়িশা মুখ্যমন্ত্রীর কৃতজ্ঞতা প্রকাশ

ভুবেনশ্বর, ১২ সেপ্টেম্বর: নেপালে চলমান সহিংস অস্থিরতার মধ্যে আটকে পড়া ২৩ জন ওড়িয়া নাগরিককে সফলভাবে উদ্ধার করে দেশে ফিরিয়ে আনার জন্য ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মজিহি সংশ্লিষ্ট সব কেন্দ্র ও রাজ্য স্তরের সংস্থাকে আন্তরিক কৃতজ্ঞতা জানিয়েছেন।

এক্স (টুইটার)-এ পোস্ট করে মুখ্যমন্ত্রী লেখেন,''নেপালের বর্তমান অস্থির পরিস্থিতির মধ্যে আটকে পড়া ২৩ জন ওড়িয়াকে মহাপ্রভু শ্রী জগন্নাথের আশীর্বাদে এবং রাজ্য ও কেন্দ্র সরকারের বিভিন্ন সংস্থার সমন্বিত প্রচেষ্টায় সফলভাবে উদ্ধার ও প্রত্যাবর্তন সম্ভব হয়েছে।

মুখ্যমন্ত্রীর বার্তায় আরও উল্লেখ ছিল,''এই সফল অভিযানে যুক্ত প্রতিটি সংস্থা ও কর্তৃপক্ষকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই। বিশ্বের যেখানেই ওড়িয়া ভাইবোনেরা থাকুন না কেন, তাঁদের নিরাপত্তা ও কল্যাণে ওড়িশা সরকার দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

নেপালের চলমান রাজনৈতিক অস্থিরতা ও সহিংসতার মধ্যে আটকে পড়া ২৩ জন ওড়িয়া নাগরিককে সফলভাবে উদ্ধার করা হয়েছে। এই উদ্ধার অভিযানে ওড়িশা পরিবার অধিদপ্তর (ওড়িয়া ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বিভাগ), নয়াদিল্লির ঞ্চট্রঞ্চ অফিস এবং কেন্দ্র ও রাজ্য সরকারের একাধিক সংস্থা যৌথভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। রাজ্য ও কেন্দ্রীয় স্তরের এজেন্সিগুলোর মধ্যে সুসংহত সমন্বয় ও পরিকল্পনার মাধ্যমে এই জটিল ও সংবেদনশীল অপারেশন কার্যকরভাবে সম্পন্ন হয়। ইতিমধ্যে উদ্ধারপ্রাপ্ত নাগরিকদের ভারত ভূখণ্ডে ফিরিয়ে আনা হয়েছে এবং তাঁদের চিকিৎসা ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে বলে ওড়িশা সরকারের তরফে জানানো হয়েছে। বিশেষজ্ঞদের মতে, এই ধরনের দায়িত্বশীল ও দ্রুত পদক্ষেপ ওড়িয়া প্রবাসীদের মধ্যে ভবিষ্যতের জন্য একধরনের আস্থা ও সুরক্ষার বার্তা দেবে।

# বিজেপি-র কড়া সমালোচনা: উপ-রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠানে অনুপস্থিত থাকায় রাহুল গান্ধিকে নিন্দা

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর: ভারতের ১৫তম উপ-রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণনের শপথ গ্রহণ অনুষ্ঠানে বিরোধীদলীয় নেতা এবং কংগ্রেস এমপি রাহুল গান্ধীর অনুপস্থিতিকে কেন্দ্র করে শুক্রবার বিজেপি তীব্র সমালোচনা করেছে। তারা অভিযোগ করেছে, তিনি জাতীয় দায়িত্ববোধ ও সংবিধানিক আদর্শ অগ্রাহ্য করে নিয়মিত অনুপস্থিত থাকছেন, যা গণতান্ত্রিক মূল্যবোধের লঙ্ঘন।

আইএএনএস-কে বক্তব্য দেওয়ার সময় বিজেপির জাতীয় সাধারণ সম্পাদক তরুণ চুগ বলেন, "রাহুল গান্ধীর উপ-রাষ্ট্রপতির শপথ গ্রহণ অনুষ্ঠানে বারবার অনুপস্থিত থাকা স্পষ্টতই সংবিধানিক ও গণতান্ত্রিক নিয়মের লঙ্ঘন। স্বাধীনতা দিবস বা এমন উচ্চ সংবিধানিক অফিসের অনুষ্ঠানে তাঁর অনুপস্থিতি, তা সংকেতমুলক হোক বা ইচ্ছাকৃত, জাতীয় দায়িত্বের প্রতি অবহেলা প্রকাশ করে। তিনি নিয়মিতভাবে এই দায়িত্ব থেকে পলায়ন করছেন।"

মুম্বইয়ের বিজেপি সভাপতি ও বিধায়ক আমিত সাতম বলেন, "বিরোধী পক্ষ সংবিধান ও গণতান্ত্রিক মর্যাদা বোঝে না। তাই এমন উচ্চ পদস্থ শপথ অনুষ্ঠানে তারা অনুপস্থিত থাকে। এটি তাদের সংস্কৃতি ও আচরণের পরিচায়ক।" বিহারের মন্ত্রী নিতিন নবীনও বলেন, "কংগ্রেস সংবিধানিক প্রতিষ্ঠানের প্রতি বিশ্বাস রাখে না। তারা নির্বাচন প্রক্রিয়া, নির্বাচন কমিশন, সুপ্রিম কোর্ট বা অন্য কোনো সংবিধানিক সংস্থার প্রতি বিশ্বাসী নয়।"

অপরদিকে বিরোধীপক্ষের একাধিক প্রতিনিধি মৃদু প্রতিক্রিয়া দিয়েছেন। শিবসেনা (ইউবিটি) মুখপাত্র আনন্দ দুবে বলেন, "রাহুল গান্ধী বিরোধী দলের নেতা হিসেবে ব্যাপক দায়িত্বে রয়েছেন এবং তার সুষ্ঠু পরিকল্পিত সূচি থাকে। হয়তো তিনি শপথ অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি, তবে এর মানে তিনি উপ-রাষ্ট্রপতিকে অসম্মান করছেন না। শীঘ্রই তিনি সি.পি. রাধাকৃষ্ণনের সঙ্গে সাক্ষাৎ করে অভিনন্দন জানাবেন। এটি রাজনৈতিক ভদ্রতার অংশ এবং অনুপস্থিতি অর্থ অহংকার নয়।"

সি.পি. রাধাকৃষ্ণন রাষ্ট্রপতি ভবনে শপথ গ্রহণ করেন, যিনি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দ্বারা শপথ গ্রহণ করানো হয়। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, প্রাক্তন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও ভেঙ্কাইয়া নাইডু, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং এবং রাজ্য নেতারা উপস্থিত ছিলেন। রাধাকৃষ্ণন নির্বাচনে বিরোধীপক্ষের প্রার্থী বি. সুধর্শন রেড্ডিকে পরাজিত করে ৪৫২ ভোট লাভ করেন। উপ-রাষ্ট্রপতি পদে আসার আগে তিনি মহারাষ্ট্রের গভর্নর হিসেবে দায়িত্ব পালন করতেন।

## কেরালা: 'ভারতম্মা'র প্রতিমার সামনে প্রদীপ জ্বালানোয় সিপিআই(এম) পঞ্চায়েত সভাপতির পদাবনতি

কোঝিকোড়, ১২ সেপ্টেম্বর: কেরালায় সিপিএম এক পঞ্চায়েত সভাপতিকে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে দলে নিম্নপদে নামিয়ে দিল। থালাক্কুলাথুর পঞ্চায়েতের সভাপতি কে.টি. প্রমীলা সম্প্রতি একটি অনুষ্ঠানে 'ভারতম্মা' (ভারতমাতা)-র প্রতিমার সামনে প্রদীপ জ্বালান এবং আরএসএস-এর একটি কর্মসূচিতে অংশগ্রহণ করেন। এর পরই দল তাঁর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়।

সিপিআই(এম)-এর জেলা নেতৃত্ব জানিয়েছেন, প্রমীলা শুধু প্রদীপ জ্বালানোয় অংশ নেননি, তিনি ছিলেন অনুষ্ঠান আয়োজক কমিটিতেও। ওই অনুষ্ঠানটি ছিল একটি দুঃস্থ পরিবারকে নতুন নির্মিত ঘর হস্তান্তরের উপলক্ষে আয়োজিত, যেখানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় পর্যটন প্রতিমন্ত্রী সুরেশ গোপী।

প্রমীলা ছিলেন দলের এরিয়া কমিটির সদস্য। এখন তাঁকে অবনমন করে শুধুমাত্র ব্রাঞ্চ স্তরের সদস্য করা হয়েছে। দল স্পষ্ট জানিয়েছে, আরএসএস পরিচালিত অনুষ্ঠানে অংশগ্রহণ ও ধর্মীয় প্রতীক ব্যবহারের বিষয়টি সিপিএম-এর আদর্শগত নীতির সঙ্গে অসঙ্গতিপূর্ণ।

এই ঘটনাটি এমন এক সময়ে ঘটল, যখন কেরালায় ধর্মীয় প্রতীক ও সরকারি প্রোটোকল ঘিরে একের পর এক বিতর্ক সামনে আসছে। কৃষিমন্ত্রী পি. প্রসাদ রাজ্যপালের উপস্থিতিতে একটি সরকারি অনুষ্ঠানে অনুপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী ভি. শিবনকুট্টি একটি বৈঠক থেকে হঠাৎ উঠে চলে যান, যা রাজ্যপালের উপস্থিতিতে প্রোটোকল লঙ্ঘন বলে সমালোচিত হয়।

অন্যদিকে, কেরালা বিশ্ববিদ্যালয়ের অফিস চত্বরে একটি বেসরকারি অনুষ্ঠানে 'ভারতম্মা'-র ছবি রাখা নিয়ে বিতর্ক সৃষ্টি হয়। সেখানে রাজ্যপাল রাজেন্দ্র আরলেকার প্রধান অতিথি ছিলেন। যদিও রেজিস্ট্রার তাঁকে জানিয়েছিলেন অনুষ্ঠান বাতিল হয়েছে, তবুও রাজ্যপাল অনুষ্ঠানে উপস্থিত হন, যার জেরে রেজিস্ট্রারকে সাসপেন্ড করা হয়।

## ওড়িশায় ভারী বৃষ্টির সম্ভাবনা, বঙ্গোপসাগরে নিম্নচাপের সৃষ্টি: আইএমডির বার্তা

ভুবনেশ্বর: বঙ্গোপসাগরের পশ্চিম কেন্দ্রীয় ও এর পার্শ্ববর্তী উত্তর-পশ্চিম অংশে একটি নিম্নচাপের সৃষ্টি হয়েছে, যার ফলে ওড়িশার বিভিন্ন অংশে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

ভারতীয় আবহাওয়া দপ্তর (আইএমডি) জানিয়েছে, আজ ১২ সেপ্টেম্বর ২০২৫, সকাল ৮:৩০ টায় (আইএসটি) বঙ্গোপসাগরের পশ্চিম কেন্দ্রীয় ও এর পার্শ্ববর্তী উত্তর-পশ্চিম অংশে, উত্তর অন্ধ্রপ্রদেশ ও দক্ষিণ ওড়িশার উপকূলের কাছে নিম্নচাপের সৃষ্টি হয়েছে।

আইএমডির বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, "উত্তর অন্ধ্রপ্রদেশ ও দক্ষিণ ওড়িশা উপকূলবর্তী পশ্চিম কেন্দ্রীয় ও এর পার্শ্ববর্তী উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের ওপর অবস্থিত উচ্চ বায়ু সাইক্লোনিক পরিবেষ্টনায় নিম্নচাপের সৃষ্টি হয়েছে।"

এই নিম্নচাপের সাথে যুক্ত উচ্চ বায়ু সাইক্লোনিক পরিবেষ্টনা প্রায় ৫.৮ কিলোমিটার উচ্চতায় বিস্তৃত, এবং উচ্চতা বাড়ার সঙ্গে সঙ্গে এটি দক্ষিণ দিকে ঝুঁকে রয়েছে।

আইএমডির পূর্বাভাস অনুযায়ী, আগামী দুই দিনের মধ্যে এই নিম্নচাপটি পশ্চিম-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হবে এবং দক্ষিণ ওড়িশা, উত্তর অন্ধ্রপ্রদেশের পার্শ্ববর্তী এলাকা এবং দক্ষিণ ছত্তিশগড়ের উপর দিয়ে অতিক্রম করবে। এই আবহাওয়ার কারণে ওড়িশার বিভিন্ন জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সম্ভবনা থাকায় জনসাধারণকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হয়েছে।

# রাজস্থান: সুপ্রিম কোর্টের নির্দেশে আজমেরে 'সেভেন ওয়ান্ডার্স পার্ক' ভাঙার কাজ শুরু

আজমের, ১২ সেপ্টেম্বর: রাজস্থানের আজমের শহরের অনাসাগর জলাভূমি এলাকায় তৈরি হওয়া 'সেভেন ওয়ান্ডার্স পার্ক' গুঁড়িয়ে দেওয়ার কাজ আজ, শুক্রবার থেকে শুরু হয়েছে, সুপ্রিম কোর্টের নির্দেশে।

আজমের ডেভেলপমেন্ট অথরিটি জলাভূমিতে অবৈধ দখল বলে ঘোষিত এই নির্মাণগুলি সরিয়ে দেওয়ার কাজ শুরু করেছে। আদালতের নির্দেশ অনুযায়ী, ১৭ সেপ্টেম্বরের মধ্যে সমস্ত নির্মাণ ভেঙে ফেলার প্রতিশ্রুতি দিয়েছিল প্রশাসন এবং সেই সময়সীমা শেষ হওয়ার আগেই আজকের এই পদক্ষেপ।

রাজস্থানের আজমের শহরের অনাসাগর জলাভূমি এলাকায় নির্মিত 'সেভেন ওয়ান্ডার্স পার্ক' ভেঙে ফেলার কাজ শুরু হয়েছে সুপ্রিম কোর্টের নির্দেশে। ২০২২ সালে তৎকালীন মুখ্যমন্ত্রী অশোক গেহলট ১২ কোটি টাকা ব্যয়ে এই পার্কের উদ্বোধন করেন। আজমের স্মার্ট সিটি প্রকল্পের অধীনে নির্মিত এই পার্কে ছিল বিশ্বের সাতটি আশ্চর্যের ক্ষুদ্র সংস্করণতাজ মহল, আইফেল টাওয়ার, মিশরের পিরামিড, পিসার হেলানো মিনার, রোমান কলোসিয়াম, স্ট্যাচু অফ লিবার্টি এবং ক্রাইস্ট দ্য রিডিমার।এই প্রকল্পের বিরোধিতা করে প্রাক্তন বিজেপি কাউন্সিলর অশোক মালিক ২০২৩ সালের ১১ মার্চ ন্যাশনাল গ্রিন ট্রাইবুনালে একটি রিট পিটিশন দাখিল করেন।

তিনি অভিযোগ করেন, অনাসাগর হ্রদের চারপাশের জলাভূমিতে গড়ে ওঠা এই নির্মাণগুলি পরিবেশগতভাবে মারাত্মক ক্ষতিকর এবং মাস্টার প্ল্যান লঙ্ঘন করেছে। তার পরিপ্রেক্ষিতে ২০২৩ সালের ১১ আগস্ট ঞ্জঞ্চ নির্দেশ দেয়, সেভেন ওয়ান্ডার্স পার্ক সহ পার্শ্ববর্তী পটেল স্টেডিয়াম, গান্ধী স্মৃতি উদ্যান ও ফুড কোর্ট ভেঙে ফেলতে।

এই নির্দেশের বিরুদ্ধে আজমের ডেভেলপমেন্ট অথরিটি ২০২৪ সালের জানুয়ারিতে সুপ্রিম কোর্টে আপিল করে। কিন্তু আদালত প্রশ্ন তোলে কেন ঞ্জঞ্চ-এর নির্দেশ মানা হয়নি। পরবর্তীতে ঞ্জঞ্চ ছয় মাস সময় চেয়ে একটি হলফনামা জমা দেয়, যার মেয়াদ শেষ হচ্ছে ১৭ সেপ্টেম্বর ২০২৫। সেই সময়সীমার আগেই আজ থেকে ভাঙচুর শুরু হয়েছে।

২০২৫ সালের মার্চে এক শুনানিতে সুপ্রিম কোর্ট কঠোর ভাষায় মন্তব্য করে, "আপনাদের কাজকর্ম দেখে মনে হচ্ছে না যে আপনারা আজমেরকে স্মার্ট করতে চান। জলাশয় রক্ষা না করে শহর কীভাবে স্মার্ট হবে? জলাভূমি দখল করে শহর স্মার্ট হয় না।"

উল্লেখযোগ্য যে স্মার্ট সিটি প্রকল্পের দায়িত্বে একাধিক আইএএস অফিসার ছিলেনসিইও, জেলা শাসক, পৌর কমিশনার এবং ঞ্জঞ্চ কমিশনার হিসেবে। তবুও, এখনও পর্যন্ত এই অনিয়মের জন্য সুনির্দিষ্টভাবে কাউকে দায়ী করা হয়নি। আজকের ভাঙচুর চলাকালীন প্রশাসন মিডিয়ার প্রবেশে নিষেধাজ্ঞা জারি করে এবং এলাকায় কড়া পুলিশ মোতায়েন করে শান্তি বজায় রাখে।

এই ঘটনাকে কেন্দ্র করে প্রশ্ন উঠছে, স্মার্ট সিটি প্রকল্পের নামে পরিবেশ ধ্বংস এবং দায়িত্বহীনতার পরিণতি শেষ পর্যন্ত জনগণের ওপর কতটা প্রভাব ফেলবে। অনাসাগর হ্রদের প্রাকৃতিক পরিবেশ রক্ষা হয়তো এই ধ্বংসকার্য দ্বারা সম্ভব হবে, কিন্তু এর মাধ্যমে প্রশাসনিক পরিকল্পনার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিয়ে নতুন করে বিতর্ক শুরু হয়েছে।

# ইউএস এসইসি থেকে ছাড়পত্র পেল ইনফোসিসের শেয়ার বাইব্যাক প্রক্রিয়া

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর: ভারতীয় তথ্যপ্রযুক্তি জায়ান্ট ইনফোসিসের ১৮,০০০ কোটি টাকার শেয়ার বাইব্যাক প্রকল্পের জন্য মার্কিন সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন থেকে বিশেষ ছাড়পত্র পাওয়া গিয়েছে। কোম্পানিটি তিন বছর পর অক্টোবর ২০২২'র পর প্রথমবারের মতো এই শেয়ার বাইব্যাক ঘোষণা করেছে, যা তাদের জন্য গুরুত্বপূর্ণ মাইলফলক বলে বিবেচিত হচ্ছে।

আজ ইনফোসিসের শেয়ার বাজারে ১,৫২৮ পর্যন্ত পৌঁছেছে, যা আগের দিনের তুলনায় ১৮ বা ১.২৩ শতাংশের উন্নতি। গত পাঁচ দিনের মধ্যে শেয়ারের মূল্য বেড়েছে ৮০, যা ৫.৫৫ শতাংশের উত্থান নির্দেশ করে।

এই তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান তার পঞ্চম বাইব্যাক কার্যক্রম চালানোর জন্য ১৩,৫৬০ কোটি বরাদ্দ করেছে, যেখানে প্রতি শেয়ারের দাম নির্ধারিত হয়েছে ১,৮০০, যা শেষ বাজার বন্ধের মূল্যের তুলনায় ১৯.২৮ শতাংশ প্রিমিয়াম। এই বাইব্যাক কার্যক্রমটি শেয়ারহোল্ডারদের বিশেষ প্রস্তাবনা এবং ডাকযোগে ভোটাভুটির মাধ্যমে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

ঐতিহাসিক অভিজ্ঞতা অনুযায়ী, এই শেয়ার পুনঃক্রয়ের প্রক্রিয়া সাধারণত তিন থেকে চার মাস সময় নেয়। ইনফোসিসের শেয়ার বর্তমানে প্রায় ২৫.৭৯ লাখ মালিকের হাতে রয়েছে।

সাধারণত ইনফোসিস তার ক্যাশের প্রায় ৩০ শতাংশ শেয়ার বাইব্যাকের জন্য বরাদ্দ করে, যা কোম্পানির মোট মূল্যায়নের ১৪-১৫ শতাংশ। চলতি আর্থিক বছরের প্রথম প্রান্তিকে কোম্পানির হাতে ছিল ৪৫,২০০ কোটি ক্যাশ ও সমমানের সম্পদ, আর নেট ওয়ার্থ দাঁড়িয়েছে ৯৫,৩৫০ কোটি।

শেয়ার বাইব্যাকের ফলে প্রচলিত শেয়ারের সংখ্যা কমে যায়, যা প্রতি শেয়ারের আয় বাড়ায় এবং এর ফলে শেয়ার মূল্যায়ন বৃদ্ধি পেতে পারে, নতুন বিনিয়োগকারীদের আকৃষ্ট করে। গত এক মাসে ইনফোসিসের শেয়ার ১০৪ বেড়েছে, যা ৭.৩১ শতাংশের ঊর্ধ্বমুখী প্রবণতা নির্দেশ করে। তবে গত ছয় মাসে শেয়ার মূল্য ৬২ কমেছে এবং গত এক বছরে মোট মূল্যহ্রাস হয়েছে ৪২১ বা ২১.০২ শতাংশ।

এদিকে, মার্কিন ফেডারেল রিজার্ভের আগামী সপ্তাহে সুদের হার কমানোর সম্ভাবনা এবং বিশ্ববাজারের ইতিবাচক প্রভাবের কারণে ভারতীয় শেয়ারবাজার শুক্রবার সূচকের মাঝারি লাভ নিয়ে শুরু করেছে। সকাল ৯:২৫ টায় নিফটি ৩৯ পয়েন্ট বেড়ে ২৫০৪৫ এ পৌঁছেছে এবং সেনসেক্স ১১৪ পয়েন্ট উর্ধ্বমুখী হয়ে ৮১৬৬৩-এ অবস্থান করছে।

# বাগবাসা ব্লক কংগ্রেস কমিটির উদ্যোগে কদমতলা সিডিপিও অফিসে ১১ দফা দাবিতে ডেপুটেশন সম্পন্ন

নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ১২ সেপ্টেম্বর:উত্তর জেলার ৫৫ নং বাগবাসা ব্লক কংগ্রেস কমিটি শুক্রবার বিকেল ৩টা নাগাদ কদমতলা সিডিপিও অফিসে ১১ দফা দাবি সনদের ভিত্তিতে এক ডেপুটেশন প্রদান করে। তবে সিডিপিও বিশ্বজিৎ দাস অনুপস্থিত থাকায় ডেপুটেশনটি গ্রহণ করেন অফিসের সিনিয়র সুপারভাইজার ত্রিদীপ দে।

ডেপুটেশনে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস কমিটির সদস্য হীরালাল নাথ, বাগবাসা ব্লক কংগ্রেস সভাপতি প্রদীপ কুমার সিংহ, কংগ্রেস দলের ওবিসি চেয়ারম্যান মনিন্দ্র নাথ, মাইনরিটি চেয়ারম্যান আব্দুল ছমেদ, মহিলা কংগ্রেস সভানেত্রী সন্ধ্যা নাথ সহ অন্যান্য নেতৃত্বরা।

প্রদেশ কংগ্রেস নেতা হীরালাল নাথ জানান, তাঁদের ১১ দফা দাবির মধ্যে অন্যতমউপযুক্ত বয়স্ক ভাতা প্রাপকদের ক্ষেত্রে প্রক্রিয়া সরলীকরণ করে দ্রুত ভাতা প্রদান।অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে শিশু ও মায়েদের জন্য সরবরাহকৃত খাদ্যে ভেজাল রোধে কার্যকর পদক্ষেপ।প্রতিটি কেন্দ্রে বিশুদ্ধ পানীয় জলের বৈজ্ঞানিক ব্যবস্থা।কালাছড়া বিধানসভা এলাকায় সিডিপিও অফিস স্থানান্তর।বাগবাসা বিধানসভা এলাকার কিছু অঙ্গনওয়াড়ি কেন্দ্রে অনিয়ম বন্ধে কঠোর ব্যবস্থা।

তিনি অভিযোগ করেন, অনেক কেন্দ্রে শিশু ও মায়েদের জন্য তৈরি অঙ্গনওয়াড়ি ভবনেই গরু-ছাগল বেঁধে রাখা হচ্ছে, যা উন্নয়নের নামে বড় প্রহসন। এছাড়া কংগ্রেসের ডেপুটেশনের সময় সিডিপিওর অনুপস্থিতি প্রসঙ্গে তিনি বলেন, ''আমাদের দাবি-দাওয়ার জবাব দিতে পারবেন না বলেই তিনি পালিয়ে গেছেন।হীরালাল নাথ আরও জানান, বিজেপির 'সবকা সাথ, সবকা বিকাশ' স্লোগান এখন আর কার্যকর নয়। সাধারণ মানুষকে সামাজিক ভাতা দেওয়ার নামে ফর্ম ও কাগজপত্র জমা দিতে হয়রানি করা হচ্ছে, অথচ প্রকৃত ভাতা মিলছে না।

তিনি বলেন, ''দেশে লাখ লাখ মানুষ বেকার। বিজেপি প্রতিশ্রুতি দিয়েছিল বছরে ২ লাখ চাকরি দেবে, কিন্তু আজ প্রতিশ্রুতির খিলাফ করেছে।তিনি আরও যোগ করেন, দেশের মানুষ এখন বুঝে গেছে মোদি সরকারের এই নীতি আর চলবে না। ইতিহাস সাক্ষীকোনো কিছুই স্থায়ী নয়। নেপাল, বাংলাদেশ ও শ্রীলঙ্কার পরিস্থিতিই তার প্রমাণ। ধীরে ধীরে মোদি সরকারের কার্যকলাপও শেষ হয়ে যাবে।অবশেষে কংগ্রেস নেতৃত্ব জানান, তাঁদের দাবিগুলো যুক্তিযুক্ত বলে স্বীকার করেছেন অফিসের সিনিয়র সুপারভাইজার ত্রিদীপ দে। তিনি শীঘ্রই দাবিগুলি যথাযথ পূরণের আশ্বাসও দিয়েছেন।

# সোনামুড়ায় সীতারাম ইয়েচুরির প্রথম প্রয়াণ দিবস পালিত

নিজস্ব প্রতিনিধি, কাঠালিয়া, ১২ সেপ্টেম্বর: সোনামুড়া মহকুমার বিভিন্ন প্রান্তে শুক্রবার সকালে সিপিআইএম এবং সংশ্লিষ্ট গণসংগঠনগুলির উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় পালিত হলো দলের প্রাক্তন সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির প্রথম প্রয়াণ দিবস। এদিন বিভিন্ন স্থানে দলের নেতা-কর্মীরা একত্রিত হয়ে তাঁর প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান এবং তাঁর আদর্শে চলার শপথ নেন।

সিপিআইএম কাঠালিয়া অঞ্চল অফিস প্রাঙ্গনে এদিন সীতারাম ইয়েচুরির প্রথম প্রয়াণ দিবস পালিত হয়। সেখানে প্রবীণ নেতা ও কর্মীদের ব্যাপক উপস্থিতি ছিল লক্ষণীয়। নেতৃবৃন্দ একে একে প্রয়াত নেতার প্রতিকৃতিতে ফুল অর্পণ করে শ্রদ্ধা জানান। উপস্থিত ছিলেন সিপিআইএম কাঠালিয়া অঞ্চল সম্পাদক কৌশিক চন্দ, নেতৃত্ব ননী পাল, আব্দুর রহিম, চয়ন পাল, পল্টন দে-সহ অন্যান্য বহু জনসংগঠনের কর্মী।

একইভাবে, সিপিআইএম রবীন্দ্রনগর অঞ্চল কমিটির উদ্যোগেও পালিত হয় প্রয়াণ দিবস। সেখানেও দলীয় কর্মীদের উপস্থিতি ছিল উল্লেখযোগ্য। অনুষ্ঠানে নেতৃত্ব দেন অঞ্চল সম্পাদক মিজান মিয়া, মহকুমা কমিটির সদস্য মোঃ হানিফ, এছাড়া শানু মিয়া, সাইফুল বসাক, শাহজাল মিয়া, আব্দুল হক-সহ আরও অনেকেই।



শুক্রবার সিপিএম সদর কার্যালয়ে প্রয়াত সিপিএম নেতা সীতারাম ইয়েচুরির প্রয়াণ দিবস পালিত। ছবি নিজস্ব।

# অভ্যুত্থানের ষড়যন্ত্র মামলায় ব্রাজিলের প্রাক্তন প্রেসিডেন্ট বলসোনারোকে ২৭ বছরের কারাদণ্ড

ব্রাসিলিয়া, ১২ সেপ্টেম্বর : অভ্যুত্থানের ষড়যন্ত্র মামলায় দোষী সাব্যস্ত হয়ে ব্রাজিলের প্রাক্তন প্রেসিডেন্ট জাইর বলসোনারোকে ২৭ বছর ৩ মাসের কারাদণ্ডে দণ্ডিত করেছে সুপ্রিম ফেডারেল কোর্ট। বৃহস্পতিবার এই রায়ে চারজন বিচারপতি দোষী সাব্যস্ত করেন, যেখানে মোট পাঁচজন বিচারপতির মধ্যে সংখ্যাগরিষ্ঠতার প্রয়োজন ছিল।চূড়ান্ত রায়ে বিচারপতি কারমেন লুসিয়া এবং ক্রিস্টিয়ানো জানিন দোষী রায় দেন। এর আগে বিচারপতি আলেক্সান্দ্রে দে মোরাস এবং ফ্লাভিও দিনো মঙ্গলবার বলসোনারোকে দোষী সাব্যস্ত করেন। একমাত্র বিচারপতি লুইজ ফুক্স তাঁকে নির্দোষ বলে মত দেন। সুপ্রিম ফেডারেল কোর্ট গত ২ সেপ্টেম্বর এই মামলার শুনানি শুরু করে। বলসোনারোর বিরুদ্ধে পাঁচটি গুরুতর অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়েছে কুপচেষ্টা, গণতান্ত্রিক শাসন কাঠামো উচ্ছেদের চেষ্টা, সশস্ত্র অপরাধচক্রে অংশগ্রহণ, সরকারি সম্পত্তিতে গুরুতর ক্ষতি এবং ঐতিহাসিক ঐতিহ্যবাহী স্থাপনার ক্ষয় সাধন।

বর্তমানে ৭০ বছর বয়সী বলসোনারো গৃহবন্দী অবস্থায় রয়েছেন। তিনি সুপ্রিম কোর্টের পূর্ণাঙ্গ ১১ বিচারপতির বেঞ্চে এই রায়ের বিরুদ্ধে আপিল করতে পারেন।তবে বিচার প্রক্রিয়ার শেষ পর্যায়ে তিনি আদালতে উপস্থিত ছিলেন না। বলসোনারো আগে থেকেই দাবি করে আসছিলেন, এই মামলা উদ্দেশ্যপ্রণোদিত এবং ২০২৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনে তাঁর অংশগ্রহণ ঠেকাতেই এই ব্যবস্থা নেওয়া হয়েছে। যদিও তিনি ইতিমধ্যেই একটি পৃথক মামলায় সরকারিভাবে পদে থাকার অযোগ্য ঘোষণা হয়েছেন।

এই রায়ের পর যুক্তরাষ্ট্রের প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলসোনারোর সমর্থনে মুখ খুলেছেন। তিনি বলেন, “এটা আমার সঙ্গে যা হয়েছে, তার মতোই। তবে তারা আমার ক্ষেত্রে সফল হতে পারেনি।” বলসোনারোর বিচারের প্রতিক্রিয়ায় ট্রাম্প ব্রাজিলীয় পণ্যের উপর ৫০ শতাংশ শুল্ক আরোপেরও হুমকি দেন।

এদিকে, এই রায় ব্রাজিলের রাজনৈতিক পরিসরে বড়সড় প্রভাব ফেলবে বলে মনে করছেন বিশ্লেষকরা। বলসোনারোর সমর্থক মহলে এই সিদ্ধান্ত ঘিরে প্রবল প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

# সন্ত্রাসবিরোধী লড়াইয়ে ভারত-ফ্রান্সের দৃঢ় অঙ্গীকার; পেহেলগাঁও হামলার নিন্দা যৌথ বৈঠকে

নয়াদিল্লি/প্যারিস, ১২ সেপ্টেম্বর : প্যারিসে অনুষ্ঠিত ভারত-ফ্রান্স যৌথ সন্ত্রাসবিরোধী ওয়ার্কিং গ্রুপের ১৭তম বৈঠকে দুই দেশ সন্ত্রাসবাদের সব রূপ ও প্রকৃতির বিরুদ্ধে দৃঢ় প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। বৃহস্পতিবারের এই বৈঠকে জম্মু ও কাশ্মীরের পেহেলগাঁওয়ে সম্প্রতি ঘটে যাওয়া নৃশংস সন্ত্রাসী হামলার কড়া নিন্দা জানানো হয়, যাতে ২৬ জনের প্রাণহানি হয়েছে।

ভারতের পক্ষে প্রতিনিধিত্ব করেন পররাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব (সন্ত্রাসবাদ-বিষয়ক) কে.ডি. দেওয়াল, এবং ফ্রান্সের পক্ষ থেকে নেতৃত্ব দেন দেশটির সন্ত্রাসবিরোধী দূত অলিভিয়ে কারোঁ। বৈঠকে উভয় পক্ষই সন্ত্রাসবিরোধী সহযোগিতাকে আরও জোরদার করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।ভারতীয় বিদেশ মন্ত্রক শুক্রবার এক বিবৃতিতে জানায়, দুই দেশেই বর্তমান নিরাপত্তা পরিস্থিতি এবং সন্ত্রাসবাদী হুমকি নিয়ে বিশদ আলোচনা করেছে। আলোচনার মূল বিষয় ছিল রাষ্ট্র-পৃষ্ঠপোষকতায় সীমান্ত পেরিয়ে সন্ত্রাস, দক্ষিণ এশিয়া ও মধ্যপ্রাচ্যে সক্রিয় জঙ্গি কার্যকলাপ, এবং উন্নত প্রযুক্তির অপব্যবহার করে সন্ত্রাসের বিস্তার। বৈঠকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয় অনলাইনে চরমপন্থা ও মৌলবাদ ছড়ানোর প্রবণতা এবং সন্ত্রাসবাদী প্রপাগান্ডা ও অনলাইন নিয়োগের বিরুদ্ধে যৌথ পদক্ষেপের প্রয়োজনীয়তা নিয়ে। এটি বর্তমানে বৈশ্বিক নিরাপত্তার অন্যতম বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত।ভারত ও ফ্রান্স জাতিসংঘ, ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স এবং ”নো মানি ফর টেরর” উদ্যোগের মতো আন্তর্জাতিক মঞ্চে পারস্পরিক সমন্বয় আরও বাড়ানোর আগ্রহ প্রকাশ করেছে।বিদেশ মন্ত্রকের বিবৃতিতে আরও জানানো হয়েছে, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতার আলোচনায় প্রশিক্ষণ ও মহড়ার মাধ্যমে সক্ষমতা বৃদ্ধির ওপর জোর দেওয়া হয়েছে। এছাড়াও, আয়োজিত বৈঠকে সংগঠিত অপরাধ, সাইবার নিরাপত্তা হুমকি, এবং অনলাইন সন্ত্রাসী প্রচারের তথ্য বিনিময় সংক্রান্ত সম্ভাব্য সহযোগিতার প্রসার নিয়েও আলোচনা হয়।

# অসমের বড়োল্যান্ডে শুয়োর পালনে বিপ্লবের পথে আত্মনির্ভরতার লক্ষ্যে ”বড়োল্যান্ড পিগ মিশন”

গুৱাহাটী, ১২ সেপ্টেম্বর: অসমের বড়োল্যান্ড টেরিটোরিয়াল রিজিয়ন এবার শুয়োর পালনে বৈপ্লবিক উদ্যোগ নিতে চলেছে। লক্ষ্যপোর্ক উৎপাদনে আত্মনির্ভরতা অর্জন। এই লক্ষ্য পূরণে ”বড়োল্যান্ড পিগ মিশন”-এর আওতায় ব্রিটেনের উচ্চ-ফলনশীল শুয়োর প্রজাতিলার্জ হোয়াইট ইয়র্কশায়ার আমদানি করে বৈজ্ঞানিক পদ্ধতিতে খামার গড়ে তোলার কাজ শুরু হয়েছে।

২০২১ সালের শুরুতে এই মিশনটি বিটিআর সরকার, নেদারল্যান্ডস-যুক্ত *প্রোগ্রামা ইউটজেন্ডিং ম্যানেজারস (পিইউএম) এবং ডেনমার্কের *ডেনিশ কনসোর্টিয়াম অফ একাডেমিক ক্রাফটসম্যানশিপ - এর প্রচেষ্টা।

বর্তমানে বিটিআর অঞ্চলে প্রতিবছর ২৫,০০০ মেট্রিক টনেরও বেশি পোর্কের চাহিদা থাকলেও, স্থানীয় উৎপাদন র ৪০ু-এরও কম। ফলে, বহু সময়েই বাইরের রাজ্য বা দেশের আমদানির উপর নির্ভর করতে হয়, যা ব্যয়বহুল এবং রোগবাহী হওয়ার ঝুঁকিও থাকে।

এই সমস্যার সমাধানে বড়োল্যান্ড পিগ মিশন আধুনিক প্রজনন কেন্দ্র, ফ্যাটেনিং ইউনিট এবং পোর্ক শিল্পের জন্য একটি সম্পূর্ণ মূল্য-চেইন গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে।


**PRESS NOTICE INVITING e-TENDER NO:-17/EE-BRG/PWD/2025-26, Dated, 10/9/2025**

The Executive Engineer, Bishramganj Division, PWD(R&B), Bishramganj invites online percentage rate tender for the works namely:-

| Sl No. | DNIeT No. | Estimated Cost (in Rupees) | Earnest Money (In Rupees) | Time for Completion | Class of Bidder |
|---|---|---|---|---|---|
| 1 | 28/R/DNIe-T/SE-IV/ PWD(R&B)/2025-26 | 1,42,33,104.00 | 2,84,662.00 | 270 Days | Appropriate Class |

Last date and time of document downloading and bidding -16/09/2025 up to 15:00 hrs.
Date and time of opening bid - 16/09/2025 at 15:30 hrs.
Bid fee Rs. 4000.00 Each (non-refundable)
All details are available in the website https://tripuratenders.gov.in.
Submission of tenders physically is not permitted.

**For and on behalf of the Governor of Tripura**

**ICA/C-2256/25**

**Executive Engineer,
Bishramganj Division, PWD(R&B).
Bishramganj, Sepahijala, Tripura.**



**PRESS NOTICE INVITING e-TENDER NO: 21/EE/PWD(R&B)/STB/2025-26 dated: 11-09-2025**

The Executive Engineer, Santirbazar Division, PWD(R&B), Santirbazar, South Tripura invites on behalf of the Governor of Tripura percentage rate e-tender from the Central & State public sector undertaking/ enterprise and eligible Contractors /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/ MES/CPWD/Railway/Other State PWD up to 3.00 P.M. on 17-09-2025 for the following work

| Sl No. | Name of the Work | Estimated Cost | Earnest Money | Time for Completion | Last date and time for document downloading and bidding | Time and date of Opening of Bid | Document downloading and biding at Application | Class of Bidder |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Mtc of road from NH-44 to Horobindo Para (Madhya Kathalia) (L= 5.45 KM) under Bokafa Block during the year 2025-2026 /SH:-WBM III, Carpeting, Re-carpeting, Repairs of potholes, seal coat etc. DNIET No:- 29/NIT/SE-III/R/2025-26 | 65,44,885.76 | 1,30,898.00 | 180 Days | Upto 15.00 Hrs on 17/09/ 2025 | At 16.00 Hrs on 17/09/2025 | https:// tripuratenders .gov.in | Appropriate Class |

**For & on behalf of Governor of Tripura**

**ICA/C-2259/25**

**(Er. Sena Charan Jamatia)
Executive Engineer,
PWD(R&B) Santirbazar Division,
Santirbazar South Tripura**



**PRESS NOTICE INVITING e-TENDER No- e- 11/AGRI/EE/MECH/2025-26**

Separate e-tender are invited by the Executive Engineer (Mech), Agri Mechanical Division, Office Lane, Agartala on behalf of the "Governor of Tripura" from the eligible bidder(s) for the below mentioned work up to 03.00 P.M on 25/09/2025.

| Sl No. | DNIT No | Name of work | Estimated Cost | Cost of Tender Document | EMD | Last date & Time of e-Bidding | Bid Opening Date | Eligibility of The Bidder |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | e-05/AGRI/EE(M)/2025-26 | Construction of Electric Traction Elevator (Lift) by Providing, Installation and Commissioning of 1(One) no. MRL (Machine Room Less), Speed 1mt/s Lift having 08 (Eight) Passenger (544 Kg.) capacity up to (G+ 3) level at Gomati District Office Building, Udaipur on "Turn Key" basis including consecutive 5 (Five) years Comprehensive Running Maintenance after completion of warranty period. | 22,16,050.00 | Rs. 1,000/- | 44,321 | 25/09/2025 Upto 3.00 PM | 25/09/205 4.00 PM (If Possible) | Bonafide Prospective Manufacturers Authorized Dealers / Firms having a good infrastructure at Agartala as well as having experience at least 5(five) Nos. successful Lift installation or in similar nature of work in Govt./ Govt. Undertaking building for the following work |

Details can be seen in web-portal: www.tripuratenders.gov.in and may be contacted with O/o the undersigned if desired.

**ICA/C-2263/25**

**Excutive Engineer (Mech.)
Agri Mechanical Division Office Lane, Agartala**


# সিকিমে ধসের বলি ৪ নিখোঁজ ৩; উদ্ধারকাজ জারি

গ্যাংটক, ১২ সেপ্টেম্বর: সিকিমের পশ্চিম জেলার ইয়াংথাং বিধানসভার আপার রিম্বিতে মাঝরাতে এক ভয়াবহ ভূমিধসে অন্তত ৪ জনের মৃত্যু হয়েছে এবং ৩ জন এখনও নিখোঁজ, বলে সরকারি সূত্রে জানা গেছে।গ্যাজিং-এর পুলিশ সুপার তশেরিং শেরপা জানান, ধসের ফলে একাধিক বাড়ি সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে যায় এবং ঘটনাস্থলেই তিনজনের মৃত্যু হয়। নিহতদের মধ্যে রয়েছেন ভীম প্রসাদ লিম্বু (৫৩), তাঁর বোন অনিতা লিম্বু (৪৬), জামাই বিমল রাই (৫০), এবং সাত বছরের নাতনি আঞ্জল রাই। উদ্ধারকারীদের মতে, ধসের সময় সবাই ঘুমিয়ে ছিলেন, ফলে পালানোর কোনও সুযোগই পাননি।

রাতভর পুলিশ, সশস্ত্র সীমা বল, রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী এবং স্থানীয় বাসিন্দাদের সহযোগিতায় এক সাহসী উদ্ধার অভিযানে দু’জন মহিলাকে জীবিত উদ্ধার করা হয়েছে।

উদ্ধারকারীরা বন্যায় ফেঁপে ওঠা হিউম নদীর উপর গাছের গুঁড়ি দিয়ে অস্থায়ী সেতু তৈরি করে দুর্গম এলাকায় পৌঁছান। আহত দুই মহিলাকে গ্যাজিং জেলা হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতাল সূত্রে জানা গেছে, তাঁদের মধ্যে একজন হাসপাতালে মারা যান এবং অপরজন আশঙ্কাজনক অবস্থায় রয়েছেন।

ভবন ও আবাসন এবং শ্রম দপ্তরের মন্ত্রী তথা এলাকার বিধায়ক ভীম হাং লিম্বু রাত ২টার সময় ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজ তদারকি করেন। তিনি জানান, অবিরাম বৃষ্টিপাত ও ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট উদ্ধারকাজ ব্যাহত করলেও প্রশাসনের সমন্বিত উদ্যোগে অনেকটাই পরিস্থিতি সামাল দেওয়া গেছে।

মন্ত্রী বলেন, টানা বৃষ্টির কারণে পরিস্থিতি চরম কঠিন হলেও সব দপ্তর একসঙ্গে কাজ করছে। নিখোঁজদের উদ্ধার এবং দুর্গতদের ত্রাণ দেওয়ার কাজ চলছে।”

এখনও নিখোঁজ তিনজনের সন্ধানে উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। এলাকায় ভারী যন্ত্রপাতি মোতায়েন করা হয়েছে, তবে অনিরাপদ পার্বত্য ভূমি ও টানা বৃষ্টিপাতে অভিযান ব্যহত হচ্ছে বলে জানিয়েছে প্রশাসন। সরকার ভূমিধসপ্রবণ এলাকায় বসবাসকারী বাসিন্দাদের সতর্কতা অবলম্বনের আহ্বান জানিয়েছে এবং প্রয়োজনে নিরাপদ স্থানে সরে যাওয়ার পরামর্শ দিয়েছে।

ভারতীয় আবহাওয়া অধিদফতর আগাম আরও বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে, যার প্রেক্ষিতে রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে সর্বোচ্চ সতর্কতায় থাকার নির্দেশ দিয়েছে। মনসুনে সিকিমে ভূমিধস সাধারণ ঘটনা হলেও, এই ধস বিশেষভাবে ভয়াবহ ছিল বলে জানিয়েছেন কর্মকর্তারা। কারণ একটি বড় পাহাড়ি অংশ আচমকাই ধসে পড়ে, যার ফলে নিচের নদীতে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়। উদ্ধারকাজ এখনও চলছে, এবং রাজ্যজুড়ে সতর্কতা জারি রয়েছে।

# কাশীতে পুজো দিলেন মরিশাসের প্রধানমন্ত্রী রামগুলাম গঙ্গা আরতিতেও অংশগ্রহণ

লখনউ/বারাণসী, ১২ সেপ্টেম্বর: ভারতের সফরে এসে উত্তরপ্রদেশের বারাণসীতে অবস্থিত কাশী বিশ্বনাথ মন্দিরে পুজো দিলেন মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীচন্দ্র রামগুলাম। তাঁর সঙ্গে ছিলেন উত্তরপ্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রন্ধীর জয়স্বাল সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ পুজোর কিছু ছবি শেয়ার করে লেখেন “কাশী বিশ্বনাথ ধামে পুজো দিলেন মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীচন্দ্র রামগুলাম। ভারত ও মরিশাসের মধ্যকার গভীর সাংস্কৃতিক ও সভ্যতাগত সম্পর্কের প্রতিফলন এই সফর।”গত সন্ধ্যায় রামগুলাম বারাণসীর ঘাটে গঙ্গা আরতিতেও অংশগ্রহণ করেন। এ প্রসঙ্গে জয়স্বাল বলেন পবিত্র গঙ্গার সঙ্গে আত্মিক সংযোগ অনুভব করলেন মরিশাসের প্রধানমন্ত্রী। এই আধ্যাত্মিক অভিজ্ঞতা ভারত ও মরিশাসের বিশ্বাস ও ঐতিহ্যের কালজয়ী বন্ধনের প্রতীক।”

প্রসঙ্গত, ডঃ রামগুলাম বর্তমানে ৮ দিনের ভারত সফরে রয়েছেন। বৃহস্পতিবার তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেন। দুই নেতার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের সব দিক নিয়ে আলোচনা হয়।যৌথ সাংবাদিক সম্মেলনে রামগুলাম বলেন “আমাদের মরিশাসের উন্নয়নের যাত্রায় ভারত সবসময় পাশে থেকেছে। স্বাস্থ্য, শিক্ষা, অবকাঠামো, নবায়নযোগ্য শক্তি ও সামুদ্রিক নিরাপত্তার মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ভারতের সহায়তা আমাদের জীবনে বাস্তব পরিবর্তন এনেছে। “আমরা যে অভ্যর্থনা পেয়েছি, মনে হয় কোনো বিদেশি প্রধানমন্ত্রী এমন উষ্ণতা পাননি। আমি বুঝতে পারি কেন আপনাকে এত বড় ব্যবধানে নির্বাচিত করা হয়।”উভয় প্রধানমন্ত্রীই জানিয়েছেন, স্বাস্থ্য, অবকাঠামো, ডিজিটাল প্রযুক্তি, শক্তি, সামুদ্রিক নিরাপত্তা ও অন্যান্য ক্ষেত্রে সহযোগিতা আরও গভীর করা হবে।

# সুপ্রিম কোর্ট রাজনীতি নিয়ন্ত্রণের নতুন রুলস তৈরি নিয়ে পাবলিক ইন্টারেস্ট লিটিগেশন পর্যালোচনার জন্য প্রস্তুত

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর: সুপ্রিম কোর্ট শুক্রবার একটি পিল-কে পর্যালোচনা করতে সম্মত হয়েছে, যা ভারতের নির্বাচন কমিশনকে নির্দেশ দিতে চায় রাজনৈতিক দলগুলোর নিবন্ধন ও নিয়ন্ত্রণের জন্য নিয়মাবলী প্রণয়নের নির্দেশ দিতে। এই উদ্যোগের মূল লক্ষ্য হলো ধর্মনিরপেক্ষতা, স্বচ্ছতা, গণতন্ত্র এবং রাজনৈতিক ন্যায় নিশ্চিত করা। ন্যায়পালক সুর্য্য কান্ত এবং জয়মাল্য বাগচির বেঞ্চ চার সপ্তাহের মধ্যে কেন্দ্র সরকার, এসিআই এবং আইন কমিশনের প্রতিক্রিয়া চেয়েছে। এছাড়াও বেঞ্চ পিটিশনার আশ্বনি কুমার উপাধ্যায়কে ভারতের সমস্ত জাতীয় রাজনৈতিক দলকে মামলায় যুক্ত করার নির্দেশ দিয়েছে।

পিল-তে কেন্দ্রকে দুর্নীতি, জাতপাতবাদ, ভাষাবাদ, আঞ্চলিকতা, সাম্প্রদায়িকতা ও রাজনীতিতে অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণে পদক্ষেপ নিতে বলা হয়েছে। বিকল্প হিসেবে আইন কমিশনকে উন্নত গণতন্ত্রের উদাহরণ নিয়ে বিস্তারিত রিপোর্ট তৈরি করার জন্য নির্দেশ দেওয়ার দাবি জানানো হয়েছে।পিটিশনে বলা হয়েছে, রাজনৈতিক দল নিয়ন্ত্রণের আইনি কাঠামোর অভাবে ব্যাপক অপব্যবহার হচ্ছে। “প্রায় ৯০ু রাজনৈতিক দল শুধুমাত্র কালো টাকা সাদা করার জন্য গঠিত হয়। তারা কখনো নির্বাচনে লড়াই করে না, বরং কোটি কোটি টাকা সংগ্রহ করে, ২০ু কমিশন কেটে টাকা দাতার কাছে চেকের মাধ্যমে ফেরত দেয়,” পিটিশনে উল্লেখ করা হয়েছে।যদিও রাজনৈতিক দলগুলো সংবিধানের অধীনে দশম সূচির অধিকারভুক্ত এবং ব্যাপক ক্ষমতা প্রাপ্ত, তবুও তাদের নিয়ন্ত্রণে কোনো সামগ্রিক আইন নেই।জাস্টিস জীভন রেড্ডি নেতৃত্বাধীন আইন কমিশন এবং জাস্টিস ভেঙ্কটাচালিয়া নেতৃত্বাধীন সংবিধান পর্যালোচনা কমিশনের সুপারিশ তুলে ধরে পিল-এ বলা হয়েছে, ধারাবাহিক সরকারগুলো “অকর্মণ্য” থেকেছে।


**PRESS NOTICE INVITING e-TENDER No. 08/PNIeT/EE/WRD-VII/PTL/2025-26, Dt.11.09.2025**

On behalf of the 'Governor of Tripura, The Executive Engineer, Water Resource Division No-VII, Pecharthal, Unakoti District, Tripura invites the online percentage rate e-tender in single bid system from the approved & eligible Contractors/Firms/Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/P&T/Other State PWD/Central & State sector undertaking and also from the registered firm/company for the works having experience of similar nature of work for the following work:- (i) D.N.I.e-T. No. 40/EE/WRD-VII/PTL/2025-26, (ii) D.N.I.e-T. No. 41/EE/WRD-VII/PTL/2025-26, (iii) D.N.I.e-T. No. 42/EE/WRD-VII/PTL/2025-26, (IV) D.N.I.e-T. No. 43/ EE/WRD-VII/PTL/2025-26, (V) D.N.I.e-T.No.44/EE/WRD- VII/PTL/ 2025-26, (VI) D.N.I.e-T.No 45/EE/WRD-VII/PTL/2025-26 (VII) D.N.I.e-T.No 46/EE/WRD-VII/PTL/2025-26(VIII) D.N.I.e-T.No 47/EE/WRD-VII/PTL/2025-26.The Last date and time for document downloading and bidding up to 15.00 Hrs. on 18.09.2025 and Time and date of opening of bid at 16.00 Hrs. on 18.09.2025 if possible.
The notice in details can also be seen at website https:// tripuratenders.gov.in

**FOR & ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA**

**ICA/C-2267/25**

**Executive Engineer
Water Resource Division No - VII
Pecharthal, Unakoti, Tripura.**


# দিল্লি হাই কোর্টে বোমা হামলার হুমকি, চাঞ্চল্য ছড়াল আদালত চত্বরে

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর: শুক্রবার দুপুরে দিল্লি হাই কোর্টে ই-মেইলের মাধ্যমে বোমা হামলার হুমকিতে তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। সঙ্গে সঙ্গে আদালতের কার্যক্রম স্থগিত করা হয় এবং দ্রুত প্রাঙ্গণ খালি করে দেওয়া হয়। নিরাপত্তা বাহিনী গোটা এলাকা ঘিরে ফেলে এবং বম্ব স্কোয়াড তল্লাশি শুরু করে। সূত্র অনুযায়ী, অ্যাডভোকেট আরজি অরুণ ভরদ্বাজের কাছে একটি ইমেল পাঠানো হয় যেখানে ”বিজয় শর্মা” নামক এক ব্যক্তি দাবি করেন যে, আদালত চত্বরে মধ্যাহ্নকালীন ইসলামিক নামাজের পরই জাজ চেম্বারে বিস্ফোরণ ঘটবে। ইমেলটিতে পাকিস্তানের আইএসআই, কয়েমবাটুরের সেল এবং ১৯৯৮ সালের পটনার বিস্ফোরণের উল্লেখ করে বলা হয়েছে, এসব হামলার পুনরাবৃত্তি ঘটানো হবে। ড. শাহ ফয়সাল নামে একজন শিয়া মুসলিমকে হুমকির কেন্দ্রে রেখে দাবি করা হয়েছে, তিনি পাকিস্তান আইএসআই-র সঙ্গে যুক্ত। এছাড়াও ইমেলটিতে একাধিক রাজনৈতিক পরিবার ও পুলিশ বাহিনীর ভিতর ”অনুপ্রবেশকারীদের” নামও উল্লেখ করা হয়েছে। বিস্ফোরণের পাশাপাশি এসিড হামলার হুমকিও দেওয়া হয়েছে। হুমকিদাতা লেখেন,“আজকের দিল্লি হাই কোর্টে বিস্ফোরণই প্রমাণ করবে যে আগের হুমকিগুলি শুধু গুজব ছিল না। জাজ চেম্বার উড়ে যাবে মধ্যাহ্নের নামাজের পর।”তল্লাশি চলছে, এখনও পর্যন্ত কোনও বিস্ফোরক মেলেনি

দিল্লি পুলিশ ও কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাগুলি বিষয়টিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে নিয়েছে। তবে এখনো পর্যন্ত আদালত ভবনের ভেতরে কোনও বিস্ফোরক মেলেনি বলে জানা গেছে। প্রাথমিকভাবে ইমেলটি ফেক নাকি আসল, তা যাচাই করা হচ্ছে।

আদালতের কার্যক্রম দুপুর ২:৩০ থেকে ফের শুরু হতে পারে, যদি নিরাপত্তা বাহিনী সবুজ সংকেত দেয়। ইতিমধ্যে আদালত ভবন ঘিরে ফেলা হয়েছে, বোম্ব ডিসপোজাল স্কোয়াড ও ডগ স্কোয়াড কাজ করছে। ইমেলটির উত খুঁজতে কাজ করছে সাইবার সেল।


**e - AUCTION NOTICE**

**PRESS NOTICE INVITING e-AUCTION No. 02/EE(PWD)/BLN/2025-26**

The Executive Engineer, Belonia Division, PWD (R&B), Belonia, South Tripura invite on behalf of the 'Governor of Tripura', invites item rate e-auction from the Central & State public sector undertaking / enterprise and eligible Contractors / Firms / Private Ltd. Firm / Agencies of registered with PWD/TTAADC/ MES/ CPWD/ Railway/Gov't Organization of other State & Central for the sale of existing old Building including clearing of site mentioned below by the buyer at his own cost and risk as where is basis without land in the following terms and condition up to 03.00 PM on 17-09-2025.

| Sl No. | Description of Articles | Security Money | Reserved Value | Time for Completion | Last date of Document downloading & Bidding | Time and Date of Opening of Bid |
|---|---|---|---|---|---|---|
| 1 | Demolishing of existing Type-V, residential quarter of District & Session Judge, South Tripura, Belonia. (Without land).(2nd Call). Plintharea = 204.21 Sqm Ref. No.01/EE/BD/PWD/AUCTION/ 2025-26 | Rs 6,447 | 3,22,369 | 30(Thrity) days | Upto 15.00 Hrs on 17/09/2025 | At 16.00 Hrs on 17/09/2025, If Possible |
| 2 | Demolishing of PHC Complex Building, Kitchen room, Morgue room & Water Motor room of Barpathari PHC, Belonia, South Tripura (Without land).Plintharea = 416.50 Sqm Ref. No.02/EE/BD/PWD/AUCTION/ 2025-26 | 18,354 | 9,17,686 | 30(Thrity) days | | |
| 3 | Demolishing of PHC quarter of Barpathari PHC, Belonia, South Tripura (Without land). Plintharea = 226.98 Sqm Ref. No.03/EE/BD/PWD/AUCTION/ 2025-26 | 7,305 | 3,65,257 | 30(Thrity) days | | |
| 4 | Demolishing of Drinking water tank & Waste Pit of Barpathari PHC, Belonia, South Tripura (Without land).Plintharea = 12.68 Sqm Ref. No.04/EE/BD/PWD/AUCTION/ 2025-26 | 480 | 23,981 | 30(Thrity) days | | |
| 5 | Demolishing of Ambulance Garage room of Barpathari PHC, Belonia, South Tripura(Without land). = Plintharea 16.01 Sqm Ref. No.05/EE/BD/PWD/ AUCTION/2025-26 | 681 | 34,064 | 30(Thrity) days | | |
| 6 | Demolishing of BMW Management room & Cycle stand of Barpathari PHC, Belonia, South Tripura(Without land). Plintharea = 20.51 Sqm Ref. No.06/EE/BD/PWD/AUCTION/ 2025-26 | 166 | 8,288 | 30(Thrity) days | | |
| 7 | Demolishing of Sanitary Toilet room & Additional General & Medicine room of Barpathari PHC, Belonia, South Tripura(Without land). Plintharea = 21.10 Sqm Ref. No.07/EE/BD/PWD/AUCTION/ 2025-26 | 363 | 18,129 | 30(Thrity) days | | |
| 8 | Demolishing of Generator room of Barpathari PHC, Belonia, South Tripura(Without land). Plintharea = 4.30 Sqm Ref. No.08/EE/BD/PWD/AUCTION/ 2025-26 | 51 | 2,561 | 30(Thrity) days | | |

Document downloading and bidding at application: https://tripuratenders.gov.in
For any enquiry, please contact by e-mail to: eepwdbln2006@gmail.com.

**ICA/C-2270/25**

**(Er. L. Debnath)
Executive Engineer,
Belonia Division, P.WD(R&B),
Belonia, South Tripura.**



**WALK-IN-INTERVIEW**

Walk-in-interview will be held for filling up of vacart posts of Anganwadi Workers (AWW) and Anganwadi Helpers (AWH) in various Anganwadi Centre's under Hezamaru ICDS Project under Social Welfare & Social Education Department, Govt. of Tripura, as per the list below on purely NO WORK NO HONORARIUM. In this connection application in the prescribed format (Format available in the office of the CDPO, Hezamara ICDS Project) will be received as per schedule, from 15/09/2025 to 25/09/2025, 11:00 AM to 04:00 PM (except holidays).

| Sl No. | Name of Vacant AWC | Name of Block | Name of Village Committee | Name of Post | Date, Place & Time of Interview |
|---|---|---|---|---|---|
| 1 | Ujan Hezamara (I) AWC | Hezamara R.D. Block | Baikunthapur | AWW | Place of Interview: Hezamara ICDS Project Office, And The interview date and time will be informed later |
| 2 | Baklai Bari - II AWC | | Ram Sankar | AWW | |
| 3 | Subalghar Para AWC | | Chandpur | AWW | |
| 4 | Chulita Bari AWC | | Bharat Chowdhury | AWH | |
| 5 | Dugrai Bari AWC | | Rubriwisa | AWH | |
| 6 | Chargaria Para AWC | | Rubriwisa | AWH | |
| 7 | Tairaj Bari AWC | | East Noagaon | AWH | |
| 8 | Tula Bari AWC | | Dumrakaridak | AWH | |

**A. Eligibility Criteria:-**
1. Only such female married/widow candidates are eligible to apply for the post of Anganwadi Worker/Helper who are normal residents of the village/ward, where the Anganwadi Centre is located and belong to the feeder villages/wards of the Anganwadi area.Freezing outside the feeder area.
i. The minimum educational qualification for Anganwadi Worker is Madhyamik Passed and for Anganwadi Helper is VIII passed.
ii. The age of candidates must be between 18-45 years as of 15/09/2025, 5 years relaxation for SC/ST/Divyangjan““(Differently able).

**B. Other Terms & Conditions:-**
i. The post of Anganwadi Worker/Helper is purely no-work-no-honorarium basis. There is no right to claim for permanent/regular appointment. Le. Temporary engagement.
ii. The engagement of the Anganwadi Worker/Helper shall be purely on honorarium basis and may be terminated at any time without showing any reason.
iii. The Anganwadi Worker/Helper shall be governed by the rules and regulations in forve in the Department/ICDS “Project Office from time to time.
i. Honorarium for Anganwadi Worker is Rs. 8,000/- and for Helper is Rs. 5,000/- per month along with time-to-time additional honorarium as & when sanctioned.
ii. No TA/DA would be provided for attending the interview.
iii. The candidates not fulfilling the eligibility criteria wouldn't be considered for the interview & selection process.
iv. The Selection Committee has the right to cancel the interview process completely or partly at any time without showing any reason. If any information of any candidate is found false, her cundidature will automatically be cancelled at any level.
v. Interested eligible candidate may attend the interview as per above mentioned schedule with all their original testimonials/certificates viz. (1) Proof of educational qualification, (2) Madhyamik Admit Card/Birth Certificate for age proof of Anganwadi workers post, (3) Migration certificate/Birth Certificate for age proof of Anganwadi Helpers post, (4) Mark sheets, (5) PRTC, (6) ROR copy, (7) Ration card, (8) disability certificate (if applicable), (9) Castr Certificate and (10) 1 (One) Copy of pussport photograph. Other details will be available in the office of the CDPO, Hezamara ICDS Project.
vi. Have to submit a Marriage Certificate issued by the SDM.

**ICA/D-956/25**

**Child Development Projeat Officer
Hezamara ICDS Project
West Tripura**

## হাইভোল্টেজ বিদ্যুতের তার ছিঁড়ে গুরুতর আহত এক

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১২ সেপ্টেম্বর: ধর্মনগর মহকুমার অন্তর্গত চারুপাশায় এক শ্রমিক হাই  হাইভোল্টেজ বিদ্যুতের তার ছিঁড়ে গুরুতর আহত হয়েছেন। ঘটনার বিবরণে জানা যায়, মহকুমার চারুপাশা এলাকায় একটি পিকআপ ভ্যানের ওপর আকস্মিকভাবে বিদ্যুতের তার পড়ে গেলে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, বাগবাসা থেকে মুরগির ফিড নিয়ে আসা একটি পিকআপ ভ্যান থেকে মালামাল নামানোর সময় এই মর্মান্তিক ঘটনাটি ঘটে। গাড়িতে চালকসহ মোট তিনজন ছিলেন। ২২ বছর বয়সী যুবক অজয় তেলী, যিনি মূলত একজন রাজমিস্ত্রি,বাড়ি বাগ বাসার পাঁচ নম্বর ওয়ার্ডে  এদিন পিকআপ ভ্যানটিতে লোড-আনলোডের কাজ করছিলেন। মালামাল নামানোর সময় অজয় গাড়ির ওপর থাকা অবস্থাতেই বিদ্যুতের তার ছিঁড়ে তার শরীরের ওপর পড়ে।

ঘটনার আকস্মিকতায় অজয় গুরুতরভাবে ঝলসে যান। তার সাথে থাকা সহকর্মী কৈলাশ গৌড় দ্রুত চালককে গাড়িটি সরিয়ে নিতে বলেন। চালকের বুদ্ধিমত্তা ও তাৎক্ষণিক পদক্ষেপে গাড়িটি দ্রুত ঘটনাস্থল থেকে সরে যাওয়ায় ফায়ার সার্ভিসের কর্মীরা সময়মতো অজয়কে উদ্ধার করতে সক্ষম হন। আহত অবস্থায় তাকে ধর্মনগর জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালের সিনিয়র মেডিক্যাল অফিসার অনুপ গোস্বামী জানিয়েছেন, অজয়ের চিকিৎসা চলছে এবং তিনি বর্তমানে আশঙ্কামুক্ত। এই দুর্ঘটনার পর স্থানীয়দের মধ্যে ব্যাপক ক্ষোভ দেখা দিয়েছে। তাদের অভিযোগ, বিদ্যুৎ দপ্তরের গাফিলতির কারণেই প্রায়শই এ ধরনের দুর্ঘটনা ঘটছে। পুরাতন ও দুর্বল তারের কারণে জীবনহানির ঝুঁকি বেড়েছে বলেও তারা দাবি করেন। এই ঘটনার সুষ্ঠু তদন্ত এবং বিদ্যুৎ দপ্তরের নিরাপত্তা ব্যবস্থা জোরদারের দাবি জানিয়েছেন এলাকাবাসী।

## কুলাই বাজারে আমরা বাঙালী দলের সভা, বাম-কংগ্রেস-বিজেপির তীব্র সমালোচনা

নিজস্ব প্রতিনিধি, ধলাই, ১২ সেপ্টেম্বর: শুক্রবার ধলাই জেলা কমিটির উদ্যোগে কুলাই বাজারে আমরা বাঙালী দলের পক্ষ থেকে একটি বাজার সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত ছিলেন দলের রাজ্য সচিব গৌরাঙ্গ রুদ্র পাল, যুগ্ম ও প্রচার সচিব দুলাল ঘোষ, ছাত্র সংগঠনের সচিব বিপ্লব দাস, কেন্দ্রীয় কমিটির সদস্য অশোক কুমার দাস এবং আমবাসা ব্লক কমিটির প্রতিনিধিরা।

সভায় বক্তব্য রাখতে গিয়ে যুগ্ম ও প্রচার সচিব দুলাল ঘোষ বলেন, "আমাদের দেশ একটি গণতান্ত্রিক দেশ। এখানে প্রত্যেকের সমান অধিকার ও সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার রয়েছে। কিন্তু স্বাধীনতার পর রাজনৈতিক ষড়যন্ত্র এবং বিভেদের রাজনীতির কারণে দেশ ও বিশেষ করে ত্রিপুরা সঠিক পথে এগোতে পারেনি।"

তিনি অভিযোগ করেন, রাজন্য আমলের দুর্বলতার কারণে সমতল ত্রিপুরা পূর্ব পাকিস্তানের অন্তর্ভুক্ত হয়ে যায় এবং এর ফলে বাঙালীদের উপর আক্রমণ ও নির্যাতন নেমে আসে। দেশভাগ পরবর্তী সময়ে বাঙালীদের শরণার্থী হতে হয়। এরপর বামপন্থীদের নেতৃত্বে 'বাঙালি খেদাও' আন্দোলন শুরু হয়, যা পরিস্থিতিকে আরও জটিল করে তোলে।

সভায় বক্তারা আরও বলেন, বাম সরকার ক্ষমতায় এসে জমি হস্তান্তর বিল পাস করে বাঙালীদের জমি কেড়ে নেওয়ার চেষ্টা করে। এরই প্রতিবাদে "আমরা বাঙালী আন্দোলন"-এর জন্ম হয়। কিন্তু বাম সরকার উপজাতিদের তুষ্ট করতে এডিসি গঠন করে, যা শেষ পর্যন্ত ১৯৮০-র দশকের ভয়াবহ গণহত্যার পথ প্রশস্ত করে।

সভায় নৃশংস হত্যাকাণ্ড, অপহরণ, ধর্ষণ ও লুটপাটের ঘটনা তুলে ধরে বক্তারা দাবি করেন, বাম সরকার সন্ত্রাসবাদীদের শাস্তি না দিয়ে বরং তাদের পুনর্বাসন ও চাকরি দিয়ে "জামাই আদর" করেছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## প্রাক্তন সিপিআইএম সর্বভারতীয় সাধারণ সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির প্রথম প্রয়াণ দিবস পালিত রাজ্য কার্যালয়ে

আগরতলা, ১২ সেপ্টেম্বর: প্রাক্তন সিপিআইএম সর্বভারতীয় সাধারণ সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির প্রথম প্রয়াণ দিবস পালন করা হয় সিপিআইএম রাজ্য দপ্তরে। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক সহ সিপিএম রাজ্য নেতৃত্বরা। বাম নেতারা প্রয়াতের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক বলেন, প্রাক্তন সিপিআইএম সর্বভারতীয় সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির প্রথম প্রয়াণ দিবস উপলক্ষ্যে একমাস ব্যাপী বিভিন্ন কর্মসুচি গৃহীত হয়েছে। সিপিআইএম এর মধ্যে তিনিই একমাত্র সম্পাদক যিনি দায়িত্বে থাকা অবস্থায় মৃত্যুবরণ করেছেন। তিনি আরো বলেন, সীতারাম ইয়েচুরির ভাবধারাকে পাথেয় করে এগিয়ে যেতে হবে। তিনি তেমন জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সমাজের জন্য কাজ করতে চেয়েছিলেন, সেভাবেই বিজেপি আরএসএস - র এই ফ্যাসিস্ট সুলভ মনোভাব থেকে দেশকে রক্ষা করতে হবে।

এদিকে  প্রয়াত সীতারাম ইয়েচুরীর প্রথম প্রয়ান বার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয় পার্টির ডুকলি মহকুমা কমিটির উদ্যোগেও। পার্টির মহকুমার হলঘরে আয়োজিত সভায় উপস্থিত ছিলেন পার্টির রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য শংকর প্রসাদ দত্ত, মহকুমা কমিটির সম্পাদক সমর চক্রবর্তী, পার্টি নেতা নবারুন দেব, সৃজন দেব, রাজকুমার চৌধুরী সহ অন্যান্যরা।

## ফের বিদ্যালয়ে চুরির ঘটনায় চাঞ্চল্য

আগরতলা, ১২ সেপ্টেম্বর: ফের বিদ্যালয়ে রাতের আঁধারে চোরের হানা। গতকাল রাতে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে রাতের আঁধারে নিশিকুটুম্বের দল হানা দেয়। আজ সকালে ঘটনাটি প্রত্যক্ষ করে বিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকা থেকে শুরু করে অন্যরা। খবর দেওয়া হয় পুলিশে।

ঘটনার বিবরণে বিদ্যালয়ের শিক্ষক জানিয়েছেন, গতকাল যথারীতি বিদ্যালয়ের সকল দরজা বন্ধ করে যান তারা। আজ সকালে এসে দেখতে পান বিদ্যালয়ের ৯ টি দরজার তালা ভাঙা। পাশাপাশি আলমারিগুলিরও তালা ভাঙা অবস্থায় রয়েছে। চুরি করে নিয়ে যাওয়া হয়েছে সিসিটিভির বক্স পর্যন্ত। পুলিশ এসে একটি চুরির মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে। তবে কি কি চুরি হয়েছে তা খতিয়ে দেখছেন বিদ্যালয়ের শিক্ষক গণ।

## পুলিশ লাইনের রাস্তায় বেহাল দশা, পরিদর্শনে পুর নিগমের মেয়র

আগরতলা, ১২ সেপ্টেম্বর: পুলিশ লাইনের কোয়াটারে যাওয়ার রাস্তাটি দীর্ঘদিন ধরেই বেহাল অবস্থায় রয়েছে। বিষয়টি নিয়ে পুলিশ দপ্তর আগরতলা পুর নিগমের কাছে সংস্কারের আবেদন জানিয়েছিল। সেই অনুরোধের পরিপ্রেক্ষিতেই শুক্রবার রাস্তার বর্তমান অবস্থা খতিয়ে দেখতে সেখানে পৌঁছান আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

এদিন তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, নিগমের কমিশনারসহ অন্যান্য দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা।

মেয়র দীপক মজুমদার জানান, পুজোর আগে রাস্তা যাতে যান চলাচলের উপযোগী করা যায়, তার উদ্যোগ নেওয়া হবে। আর পুজোর পরে পুরো রাস্তার সংস্কারকাজ সম্পূর্ণ করা হবে।

এ বিষয়ে পুর নিগমের পক্ষ থেকে আশ্বাসে স্বস্তি প্রকাশ করেছেন পুলিশ লাইনের কোয়াটারে বসবাসরত পরিবারগুলি।

## রাধানগরে নেশা কারবারি আটক, পুলিশের হাতে তুলে দিল স্থানীয়রা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ সেপ্টেম্বর: নেশা সামগ্রী বিক্রি করতে গিয়ে স্থানীয়দের হাতে আটক এক নেশা কারবারি। রাধানগর এলাকার রাধামাধব উন্নয়ন সংঘের সদস্যরা শুক্রবার রাধানগর বিয়ামাগারের সামনে থেকে ওই যুবককে হাতে-নাতে ধরে পশ্চিম থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

আটক যুবকের নাম আসিশ পাল, বাড়ি আড়ালিয়ার পালপাড়ায়। তার কাছ থেকে আনুমানিক ৭০টি কোটা ট্যাবলেট উদ্ধার হয়েছে। উদ্ধারকৃত মাদকের বাজারমূল্য প্রায় ১০ থেকে ১৫ হাজার টাকা বলে জানা গেছে। রাধামাধব উন্নয়ন সংঘের এক সদস্য ভাস্কর চক্রবর্তী জানান, "আমরা সবসময় ড্রাগস বিরোধী আন্দোলন চালিয়ে যাচ্ছি। সমাজ থেকে মাদকমুক্ত পরিবেশ গড়ে তুলতেই আমাদের এই প্রচেষ্টা।"

এ ঘটনায় পশ্চিম থানার পুলিশ অভিযুক্তকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে। তার সঙ্গে আর কারা জড়িত রয়েছে, তাদের ও খুঁজে বের করার চেষ্টা চলছে।

## সি.টি.ভি.এস. অ্যান্ড আই.আর. ডিপার্টমেন্টের সাফল্য এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালে হার্টে ভাল্বের সফল প্রতিস্থাপন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ সেপ্টেম্বর: গত ২৫ আগস্ট ঊনকোটি জেলার কুমারঘাট এর জারুলছড়া অঞ্চলের ৫৬ বছর বয়সী এক ভদ্রমহিলার এ.জি.এম.সির, সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্টে হার্টে ভাল্বের সফল প্রতিস্থাপন করা হয়। গত ২৯ জুলাই এই ভদ্রমহিলা ও.পি.ডিতে আসেন হার্টের অসুস্থতা নিয়ে। উনি বহির্রাজ্যেও ১৪-১৫ বছর যাবৎ চিকিৎসা করেছিলেন এবং চিকিৎসকরা উনার হার্টের ভাল্ব প্রতিস্থাপনের নির্দেশ দিয়েছিলেন। কিন্তু আর্থিক অসচ্ছলতার কারণে তিনি তা করতে পারেননি। ক্রমশ উনার শারীরিক অবস্থার আরও অবনতি হতে থাকে, শ্বাসকষ্ট হতে থাকে এবং কোনও কাজকর্ম করতে পারছিলেন না। সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্ট থেকে হার্টের বিভিন্ন রকম পরীক্ষা-নিরীক্ষা করার পর দেখা গেল রোগীর হার্টের মহাধমনীর ভাল্বটি সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে। প্রসঙ্গত উল্লেখ্য ওই ভদ্রমহিলার অ্যায়োটিক ভাল্ব-এ ক্যালসিয়াম জমে পাথর হয়ে গিয়েছিল তা এক্সরে তে ধরা পড়েছিল এবং ভাল্বটি সম্পূর্ণ অকেজো হয়ে যায়, ফলে উনার হার্টের ব্লাড পাম্প করার মত ক্ষমতা হারিয়ে ফেলে। এ.জি.এম.সি অ্যান্ড জি.বি.পি হাসপাতালের সিটিভিএস সার্জন ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্য রোগীর বাড়ির লোককে আশ্বাস দেন যে আয়ুষ্মান কার্ডের মাধ্যমে বিনামূল্যে অস্ত্রোপচার করা যাবে। সেই মতো রোগীর বাড়ির লোক চিন্তা ভাবনা করে অবশেষে ২১ আগস্ট ২০২৫ সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্টে রোগীকে ভর্তি করান। তারপর সিদ্ধান্ত অনুযায়ী ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্য্যের নেতৃত্বে ১০ সদস্যের সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্ট এর সার্জিক্যাল টিম ২৫ আগস্ট ২০২৫ সফলভাবে ওপেন হার্ট সার্জারির মাধ্যমে রোগীর ভাল্ব (টিস্যু) প্রতিস্থাপন করেন। অস্ত্রোপচারের পর রোগী সুস্থ আছেন এবং চিকিৎসায় সাড়া দিয়েছেন। তারপরও রোগীকে কিছুদিন আই.সি.ইউতে পর্যবেক্ষণে রাখা হয়েছিল। বর্তমানে উনার শারীরিক অবস্থা ভালো। গত ১১ সেপ্টেম্বর রোগীকে হাসপাতাল থেকে ডিসচার্জ করা হয়েছে এবং প্রতি সপ্তাহে জিবিপি হাসপাতালে এসে চেক-আপ করার পরামর্শ দেয়া হয়েছে। এই জটিল অস্ত্রোপচারে এই রাজ্যে সম্পূর্ণ সরকারি সহায়তায় হওয়ায় রোগীর বাড়ির লোক খুবই খুশি এবং এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের চিকিৎসকদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্য্যের নেতৃত্বে এই টিমে ছিলেন ডাঃ মণিময় দেববর্মা, ডাঃ সুরজিৎ

## দেব শিল্পীর প্রতিমা নির্মাণ কাজে ব্যস্ত কাঠালিয়ার- মৃৎশিল্পীরা

নিজস্ব প্রতিনিধি, কাঠালিয়া, ১২ সেপ্টেম্বর: দেব শিল্পীর প্রতিমা নির্মাণ কাজে ব্যস্ত কাঠালিয়ার- মৃৎশিল্পীরা।

আর মাত্র হাতেগোনা পাঁচদিন বাকি। তারপরেই বিশেষ করে যানবাহন চালক যারা বা যানবাহনের মালিক যারা প্রত্যেকের বাড়িতেই দেব শিল্পী ( বিশ্বকর্মার) পূজা অর্চনা মেতে উঠবে গ্রাম থেকে শহর অব্দি।

বিশেষ করে সনাতন ধর্মীয় যানবাহনের মালিক বা চালক যারা তারাই দেব শিল্পীর পূজা অর্চনা নিয়ে এখন থেকে প্রস্তুতি চলছে।

অপরদিকে, যারা দেব শিল্পী নির্মাণে ব্যস্ত তারাও অন্যান্য বছরের তুলনায় একটা প্রত্যাশা নিয়ে থাকে মূর্তি বিক্রি করে সারা বছরের জন্য কিছুটা আর্থিক সঞ্চয় করা যাবে। এমন প্রত্যাশা নিয়েই মৃৎশিল্পীরা অন্যান্য বছরের ন্যায় এবারও মূর্তির কাজ নিয়ে ব্যস্ত।

তবে, কাঠালিয়া বাণিজ্যিক এলাকায় ছোট মাঝারি তিনটি বিভিন্ন ডিজাইনের মূর্তি নির্মাণের কারখানা রয়েছে।

১২ই সেপ্টেম্বর শুক্রবার সকালবেলায় প্রবীণ মৃৎশিল্পী গৌরাঙ্গপাল, নিরঞ্জন সরকার ও মেলাঘর থেকে কাঠালিয়া এসে মুক্তি তৈরি করেন যুব মৃৎশিল্পী প্রসেনজিৎ পাল তারা মানসিকভাবে প্রচন্ড হতাশা নিয়েই মূর্তি নির্মাণ কাজ করে যাচ্ছেন। মৃৎশিল্পীরা জানান দেখুনঃ- মানুষ এখন আধুনিক প্রযুক্তির যুগে মূর্তির মডেল অনেকটাই সুন্দরের পূজারী! এই লক্ষ টা আমাদের মাথায় নিয়েই প্রায় দুই মাস আগে থেকে আগরতলা থেকে অভিজ্ঞ কিছু শিল্পী এনে বিভিন্ন মডেলের দুর্গা মূর্তি এবং দেব শিল্পীর মূর্তি নির্মাণ করেছি। এতে করে যথেষ্ট টাকা-পয়সা আমাদের খরচ হয়ে গেছে। তাছাড়াও দ্রব্যমূল্যের বর্তমানে উর্ধগতি! এতে করে আমাদের অন্যান্য বৎসরে তুলনায় এবারের মুক্তির দাম অনেকটাই বেড়ে যাবে। কিন্তু ক্রেতা সাধারণ সুন্দর মুক্তির খোঁজাখুঁজি করে, কিন্তু ভালো মূর্তি নির্মাণে তো অনেক টাকা ব্যয় হয়। সেই পরিমাণ মূল্য দিয়ে ক্রেতা সাধারণ ক্রয় করতে ইচ্ছুক নয়! তাছাড়াও এবারের পূজার মৌসুমের নানা কারণে মার্কেট খুবই খারাপ।

অন্যান্য বছরের তুলনায় এবারের মূর্তি সংখ্যাও অনেকটা কম করে নির্মাণ করা হয়েছে। মৃৎশিল্পী গৌরাঙ্গ পাল এবং নিরঞ্জন সরকার উভয়ই সপরিবার নিয়ে মূর্তি নির্মাণ কাজে ব্যস্ত থাকেন বারো মাসের মধ্যে বলা চলে আট মাস। তারাও ভীষণ চিন্তা গ্রস্ত!

চিন্তা গ্রস্ত এই কারণে! মূর্তির দাম এবং পূজার বিভিন্ন আবরণ সংগ্রহ করা বর্তমান উর্ধগতি বাজার মূল্যে অনেকের পক্ষে দুঃসাধ্য!

কাজেই পূজা মানেই আনন্দ, এখন সপ্তাহ কাল আগে ঠিকই মৃৎশিল্পী এবং অধিকাংশ যানবাহন চালক ও মালিকের পক্ষে এবারের দেব শিল্পীর পূজা কিভাবে সম্পন্ন করবে সেটা নিয়েই ভীষণ চিন্তা গ্রস্ত।

## উৎসবের মরশুমে ব্যস্ত কল্যাণপুরের মৃৎ শিল্পীরা

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১২ সেপ্টেম্বর: শুরু হয়ে গেছে উৎসবের মরসুম। স্বাভাবিকভাবেই দিকে দিকে বিভিন্ন প্রকারের মূর্তি যারা তৈরি করেন অর্থাৎ শিল্পীদের ব্যস্ততা চরম আকার ধারণ করেছে। আগামী কিছুদিনের মধ্যেই এই ব্যস্ততা যে রীতিমত চূড়ান্ত আকার ধারণ করবে, এটা নিঃসন্দেহে দাবি করা যায়।

এরই মধ্যে আজ সংশ্লিষ্ট প্রতিবেদকের সাথে মূর্তি তৈরির যাবতীয় বিষয় নিয়ে কথা হয় কল্যাণপুরের মৃৎ শিল্পী অঞ্জনা রুদ্র পালের সাথে। দীর্ঘ প্রায় দুই দশকের অভিজ্ঞতা সম্পন্ন মহিলা মৃৎশিল্পী অঞ্জনা রুদ্র পাল জানিয়েছেন পারিপার্শ্বিক বিভিন্ন বিষয়ের মূল্য বৃদ্ধি মূর্তি বা প্রতিমা তৈরিতেও মূল্য বৃদ্ধি ঘটিয়ে চলেছে।

তারপরেও বিগত বছরের তুলনায় এবছর বিভিন্ন প্রকার মূর্তির দামের ক্ষেত্রে খুব বেশি ফারাক হয়নি, এমনটাই জানিয়েছেন শিল্পী অঞ্জনা রুদ্র পাল। এর পাশাপাশি এই সময়ের মধ্যে মাটির সহজ লভ্যতা কমে যাওয়া মৃৎ শিল্পের টিকে থাকার পেছনে একটা বড় সর চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে এমনটাই জানিয়েছেন চেবরি নিবাসী অঞ্জনা রুদ্র পাল। উনার মূর্তি তৈরীর এই প্রতিষ্ঠান ঘুরে দেখা গেছে শুধুমাত্র অঞ্জনা দেবী নিজে না , পেশাদারী কারিগর ছাড়াও উনার স্বামী সহ পরিবারের অন্যান্য সদস্যরাও সম্মিলিতভাবে দক্ষতার সাথেই বিভিন্ন প্রকারের মূর্তি তৈরি করছেন।

## কৈলাসহরে বটগাছের ডাল ভেঙে ই-রিক্সা ক্ষতিগ্রস্ত, প্রাণে রক্ষা চালকের

নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১২ সেপ্টেম্বর: অল্পের জন্য বড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলেন এক ই-রিক্সা চালক। শুক্রবার কৈলাসহরের কীর্তনথলি ট্রাইজংশন এলাকায় রাস্তার পাশে দাঁড়ানো একটি ই-রিক্সার উপর ভেঙে পড়ে বটগাছের ডাল। ঘটনায় অটোটি সম্পূর্ণ ভেঙে চুরমার হলেও চালক অল্পের জন্য প্রাণে বেঁচে যান।

প্রত্যক্ষদর্শীরা জানান, চালক বিশ্বনাথ সিনহা চিরাকুটী থেকে যাত্রী নিয়ে কীর্তনথলি আসেন। এরপর রাস্তার পাশে গাড়ি দাঁড় করিয়ে যাত্রী অপেক্ষা করছিলেন তিনি। ঠিক সেই সময় শনি মন্দির সংলগ্ন বটগাছের একটি বিশাল ডাল ভেঙে সজোরে গিয়ে পড়ে তার টিআর-০২-সি-২৫৩৮ নম্বর ই-রিক্সা উপর। গাছ ভাঙার শব্দ শুনে বিশ্বনাথ তড়িঘড়ি অটো থেকে বেরিয়ে আসেন। এর ফলেই বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পান তিনি।

ঘটনার পরপরই স্থানীয়রা অগ্নিনির্বাপক দপ্তরে খবর দিলে দমকল কর্মীরা ঘটনাস্থলে ছুটে এসে অটোর উপর থেকে গাছ সরিয়ে দেয়। তবে গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হওয়ায় এখন দিশেহারা চালক। বিশ্বনাথ জানান, কয়েক মাস আগে কষ্টের সঞ্চয় ভেঙে তিনি অটোটি কিনেছিলেন। সেটিই তার জীবিকার একমাত্র ভরসা। প্রশাসন ও বনদপ্তরের কাছে তিনি আর্থিক সহায়তার আবেদন জানিয়েছেন।

স্থানীয় সূত্রে জানা যায়, সড়ক নির্মাণের সময় ওই গাছটি কেটে ফেলার উদ্যোগ নেওয়া হলেও, মন্দির লাগোয়া হওয়ায় স্থানীয়দের আপত্তিতে তা কাটা হয়নি। কিন্তু এই ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয়দের দাবি, ভবিষ্যতে যাতে এ ধরনের দুর্ঘটনা এড়ানো যায় তার জন্য পুরনো ও ঝুঁকিপূর্ণ গাছগুলির বিষয়ে প্রশাসন দ্রুত ব্যবস্থা নিক।

## লতা মঙ্গেশকরের ছবি এঁকে ইন্ডিয়ান বুক অফ রেকর্ডে নাম লিখল তেলিয়ামুড়ার কন্যা আরিয়া

তেলিয়ামুড়া, ১২ সেপ্টেম্বর: চিত্রকলার জগতে বিরল কৃতিত্ব অর্জন করল তেলিয়ামুড়ার মেয়ে আরিয়া দেব। কিংবদন্তি সঙ্গীত শিল্পী লতা মঙ্গেশকর-এর প্রতিকৃতি অঙ্কন করে আরিয়া নিজের নাম তুলেছে ইন্ডিয়ান বুক অফ রেকর্ডে। অল্প সময়ের মধ্যে অসাধারণ নিপুণতায় এই প্রতিকৃতি আঁকায় বিচারকদের মন জয় করেছে সে।

তেলিয়ামুড়ার জয়নগর এলাকার বাসিন্দা আরিয়া বর্তমানে আগরতলার ভবন বিদ্যা মন্দিরের দশম শ্রেণির ছাত্রী। অষ্টম শ্রেণি পর্যন্ত তেলিয়ামুড়ার স্থানীয় বিদ্যালয়ে পড়াশোনা করলেও পরবর্তীতে আগরতলায় স্থানান্তরিত হয়ে পড়াশোনার পাশাপাশি চিত্রকলায় তার প্রতিভাকে আরও সমৃদ্ধ করে তুলেছে। ছোটবেলা থেকেই আঁকার প্রতি গভীর আগ্রহ ছিল আরিয়ার। বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ইতিমধ্যেই সে দক্ষতার প্রমাণ রেখেছে।

সম্প্রতি কিংবদন্তি গায়িকা লতা মঙ্গেশকরের ছবি আঁকতে গিয়ে তার সৃজনশীলতা নতুন মাত্রা পায়। নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিখুঁতভাবে আঁকা সেই প্রতিকৃতিই তাকে এনে দেয় সর্বভারতীয় স্বীকৃতি। এর ফলস্বরূপ ইন্ডিয়ান বুক অফ রেকর্ড কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে তার নাম নথিভুক্ত করে।

এই সাফল্যের খবর পৌঁছতেই গোটা তেলিয়ামুড়ায় তৈরি হয়েছে আনন্দ ও গর্বের আবহ। আত্মীয়স্বজন থেকে শুরু করে স্থানীয় মানুষজন, সকলে অভিনন্দন জানাচ্ছেন আরিয়াকে। শিক্ষক-শিক্ষিকারাও তার প্রতিভার প্রশংসা করে জানিয়েছেন, ভবিষ্যতে বড় মাপের শিল্পী হয়ে উঠতে সক্ষম আরিয়া।

## উদয়পুরে অনুষ্ঠিত মাতাবাড়ি ব্লক ভিত্তিক এবং ইউআরসি লেভেল হাউজ হোল্ড সার্ভে ২০২৫-২৬

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১২ সেপ্টেম্বর: বৃহস্পতিবার উদয়পুর ইউআরসি হলে অনুষ্ঠিত হলো মাতাবাড়ি ব্লক ভিত্তিক এবং ইউআরসি লেভেল হাউজ হোল্ড সার্ভে ২০২৫-২৬। ১২ সেপ্টেম্বর থেকে ২৬ শে সেপ্টেম্বর পর্যন্ত এই হাউজ হোল্ড সার্ভে চলবে। উদয়পুর ইউ আর সি হলে দুই শিফে প্রায় ২ শতাধিক শিক্ষক শিক্ষিকা এই হাউজ হোল্ড সার্ভের জন্য এক দিবসীয় প্রশিক্ষণ শিবিরের অংশ গ্রহণ করেন। উদয়পুর মহকুমা বিদ্যালয় পরিদর্শক অলকানন্দ জমাতিয়ার একমাত্র ছেলে গত সোমবার বাইক দুর্ঘটনায় নিহত হওয়ারজন্য এই হাউজ হোল্ড সার্ভের প্রশিক্ষণের শুভ সূচনা করেন- উদয়পুর মহকুমা বিদ্যালয়  পরিদর্শক জগদীশ জমাতিয়া।উপস্থিত দুই শিফটে হাউজ হোল্ড সার্ভে সম্পর্কে বিস্তৃত তথ্য তুলে ধরেন সহকারি বিদ্যালয় পরিদর্শক জগদীশ জামাতিয়া,মহকুমা বিদ্যালয়ে পরিদর্শক অফিসের বাপন দাস এবং চন্দ্রপুর কলোনি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সি আর পি অপুরাম সরকার।

এছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদয়পুর মহকুমা বিদ্যালয় পরিদর্শক অফিসের একাউন্টেন্ট আবুল কালাম মৈশান,লোয়ার  ডিভিশন ক্লার্ক  কাদের হোসেন,অফিস এসিস্ট্যান্ট অজয় মজুমদার, সিনিয়র কম্পিউটার এসিস্ট্যান্ট  নিবেদিতা দাস,মাল্টি টাস্ক  ষ্টাফ বাপন দাস  , শিক্ষক  সুমন ( জি টি)  সহ অন্যান্য ব্যাক্তিবর্গ। এই প্রশিক্ষণের গ্রাম পঞ্চায়েত ভিলেজ কাউন্সিল মিউনিসিপাল কাউন্সিল সহ শহরতলীর সমস্ত এলাকার প্রত্যেকটি বাড়িতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা নেভার এন্ডরোলমেন্ট এবং ড্রপ আউট শিক্ষার্থীদের সনাক্ত করে তাদের বিদ্যালয়ে চলো অভিযানে সামিল করার প্রয়াস নিয়ে থাকবেন।

## ধর্মনগরে সঙ্ঘবদ্ধ হামলায়

● প্রথম পাতার পর

স্পষ্টভাবে হুঁশিয়ারি দিয়েছিল যাতে তিনি নাথ যোগী সমাজকে ঐক্যবদ্ধ করার কাজে যুক্ত না থাকেন।

ঘটনার পর রাজদ্বীপের পরিবারের পক্ষ থেকে সংঘ দ্বীপ দেবরায়সহ কয়েকজনের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। তবে এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার করতে পারেনি পুলিশ।

এদিকে ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে ত্রিপুরা নাথ যোগী ফোরাম। সংগঠনের রাজ্য সভাপতি হরিহর দেবনাথ জানিয়েছেন, এ ধরনের হামলা কোনোভাবেই বরদাস্ত করা হবে না। ইতিমধ্যেই উত্তর জেলা কমিটির জরুরি বৈঠক আহ্বান করা হয়েছে। সংগঠন আন্দোলনের ডাক দেওয়ার সিদ্ধান্ত নিতে পারে বলে জানা গেছে।

## দেশের ১৫তম

● প্রথম পাতার পর

রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, সংঘ পরিবার ঘনিষ্ঠ হলেও রাধাকৃষ্ণনের অরাজনৈতিক ও মৃদু ভাবমূর্তি তাঁকে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে গ্রহণযোগ্য করে তুলেছে। তাঁর বিজয়ের পর তিনি জানান, সংবিধান রক্ষা ও দেশের উন্নয়নের জন্য কাজ করাই তাঁর প্রধান অঙ্গীকার। উপরাষ্ট্রপতির পদে অধিষ্ঠিত হয়ে তিনি এখন রাজ্যসভার এক্স-অফিসিও চেয়ারম্যানের দায়িত্বও গ্রহণ করলেন। নতুন উপরাষ্ট্রপতি হিসেবে তাঁর কার্য্যকাল শুরু হলো এক ঐতিহাসিক মুহূর্তে। রাজনৈতিক শালীনতা বজায় রেখে, সংবিধানের আদর্শ রক্ষা করে এবং বিভিন্ন মতের মধ্যে সেতুবন্ধন গড়ে তোলাই হবে তাঁর আগামী দিনের লক্ষ্য।এই শপথ গ্রহণ অনুষ্ঠানের মাধ্যমে ভারতের উপরাষ্ট্রপতি পদের এক নতুন অধ্যায়ের সূচনা হলো।

## ধ্বস পরে বন্ধ

● প্রথম পাতার পর

সড়ক ২০৮ এর বেশ কিছু অংশ  প্রবল বর্ষণের জেরে ভেঙে গেছে। স্থানীয়দের দাবি, দ্রুত মেরামতির কাজ শুরু না করলে রাস্তাঘাটের ক্ষয়ক্ষতি আরও বাড়তে পারে।ফলে প্রবল বর্ষণের ফলে একদিকে যেমন জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে, তেমনি যোগাযোগ ব্যবস্থাও কার্য্যত অচল হয়ে পড়েছে। প্রশাসন কখন হস্তক্ষেপ করবে, সেটাই এখন জেলার মানুষের বড় প্রশ্ন।

## মনু নদী থেকে ভাসমান

● প্রথম পাতার পর

মালাকার, অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীরা, মহকুমা শাসক কার্যালয়ের ডেপুটি কালেক্টর হেমন্ত ধর, বিএসএফ ও প্রশাসনের একাধিক পদস্থ আধিকারিক। উদ্ধার হওয়ার পর মৃতদেহটি অগ্নিনির্বাপক দপ্তরের সহযোগিতায় জেলা হাসপাতালে পাঠানো হয় ময়নাতদন্তের জন্য। তবে এখনো পর্যন্ত মৃতদেহটির পরিচয় সনাক্ত করা যায়নি। মৃতদেহটি কোথা থেকে এসেছে এবং কীভাবে নদীতে ভেসে এল, সেই বিষয়েও কোনো তথ্য মেলেনি। এই ঘটনাকে ঘিরে জোরদার তদন্ত শুরু করেছে কৈলাসহর থানার পুলিশ।

## আলু উৎপাদনে

● প্রথম পাতার পর

বিভিন্নরাজ্য থেকে দেশীয়বীজ এনে এবংপরবর্তী সময়ে টি.পি.এস.-এরমাধ্যমে আলু চাষকরা হতো। কিন্তু উৎপাদনআশাব্য'ক ছিল না।রাজ্যে ২০২২-২৩ অর্থবছর থেকে পেরুরএপিক্যালরুট কাটিংপদ্ধতিতেচাষকরে আলু চাষেউল্লেখযোগ্যঅগ্রগতিঘটেছে। ২০২৯-৩০ অর্থবছরেরমধ্যেশুধু আলু উৎপাদনেইনয়, আলু বীজউৎপাদনেওরাজ্যস্বনির্ভরহয়েযাবে বলে ক'ষিমন্ত্রী আশা প্রকাশকরেছেন। তিনিবলেন, এ ব্যাপারেআগামী বছরের মে জনমাসেরাজ্যের একটি প্রতিনিধিদল পেরু যাবে। তিনিজানান, এপিক্যালরুট কাটিংপদ্ধতিতে ২০২২-২৩ অর্থবছরেরাজ্যে আলু চাষের জন্য ১০৪ জনকে আলু বীজ দেওয়া হয়। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরে ৪২০ জনকে আলু বীজ দেওয়া হয়এবংচলতিঅর্থবর্ষে দেওয়া হবে ৪ হাজারজনকে।সাংবাদিকসম্মেলনেউদ্যান ও ভূমি সংরক্ষণদপ্তরেরঅধিকর্তা দীপককুমারদাসএবংদপ্তরেরউপ-অধিকর্তা ড. রাজীব ঘোষওউপস্থিত ছিলেন।

## শ্রমিকের মৃতদেহ উদ্ধার

● প্রথম পাতার পর


পিতা মৃত শ্রীকান্ত তাঁতি। তাঁর বাড়ি খোয়াই জেলার চাম্পাহাওর এলাকায় হলেও দীর্ঘ ২২-২৩ বছর ধরে তিনি পানিসাগরে শ্রমিক হিসেবে বসবাস করছিলেন। প্রথমে বিভিন্ন ইটভাট্টায় কাজ করলেও বর্তমানে সূর্য্যসেনপাড়ার বাসিন্দা পেশায় উকিল সুব্রত নাথের বাড়িতে থাকতেন তিনি।

পরিবার সূত্রে জানা যায়, গত বুধবার সকালে স্ত্রী শেফালীর কাছ থেকে এক হাজার টাকা নিয়ে বাড়ি থেকে বের হন প্রশান্ত। এরপর আর বাড়ি ফেরেননি। স্ত্রী শেফালী একাধিক জায়গায় খোঁজাখুঁজি করেও কোনো সন্ধান পাননি। অবশেষে আজ সকালে স্থানীয়রা কালভার্টের নিচে মৃতদেহ পড়ে থাকতে দেখে অগ্নিনির্বাপক দপ্তরে খবর দেন। দমকলকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে পানিসাগর মহকুমা হাসপাতালে পাঠান।

প্রাথমিক অনুমান, অতিরিক্ত মদ্যপানের কারণে প্রশান্ত নিজেই কালভার্টের নিচে পড়ে গিয়ে মৃত্যুর শিকার হয়েছেন। স্ত্রী শেফালীও দাবি করেছেন, স্বামী সবসময় নেশাগ্রস্ত অবস্থায় থাকতেন, আর সেই নেশাই তার মৃত্যুর কারণ হয়ে দাঁড়িয়েছে।

ঘটনার খবর পেয়ে পানিসাগর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেছে। মৃত্যুর সঠিক কারণ জানতে পুলিশ তল্লাশি চালাচ্ছে। এই ঘটনায় সমগ্র এলাকায় তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas



# বাধারঘাটে দশরথ দেব গুড মর্নিং ফুটবল ক্লাবের প্রাইজমানি টুর্নামেন্ট আজ থেকে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রস্তুতি পর্ব চূড়ান্ত। ফাইভ-এ-সাইড ফুটবল টুর্নামেন্টের ব্যাপক আয়োজন। এবারও সর্বাধিক ৩২ টি দলকে নিয়ে আয়োজকরা দুই দিনের এই ফাইভ এর সাইড ফুটবল টুর্নামেন্ট আগামীকাল, শনিবার থেকে শুরু করতে যাচ্ছে। দুই দিন ব্যাপী প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী দিনে একটি প্রীতি ফুটবল ম্যাচেরও আয়োজন করা হবে। প্রতিবছরের মতো এবারও সাড়া জাগানো এই ফুটবল টুর্নামেন্ট শুরু করতে যাচ্ছে আগরতলার বাধারঘাটস্থিত দশরথ দেব গুড মর্নিং ফুটবল ক্লাব। আগামীকাল টুর্নামেন্টের প্রথম দিনে নকআউট পর্যায়ের প্রাথমিক রাউন্ডের ম্যাচগুলি শেষ করা হবে। দুই দিন ব্যাপী এই টুর্নামেন্টে চ্যাম্পিয়ন ও রানার্স দলকে সুদৃশ্য ট্রফি সহ দেওয়া হবে যথাক্রমে ১২ হাজার ও ৮০০০ এর মতো বড় অংকের প্রাইজমানিও। আগামীকাল উদ্বোধনী অনুষ্ঠানের পর জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের সঙ্গে উদ্যোক্তারা একটি প্রীতি ফুটবল ম্যাচেরও আয়োজন করবে। ১৪ সেপ্টেম্বর টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ এবং সমাপ্তি অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কৃত করা হবে। উল্লেখ্য, আগামীকাল সকাল ৯ টায় প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার। এছাড়া, বিশেষ এবং সম্মানিত অতিথি হিসেবে স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশন অফ ইন্ডিয়ার সভাপতি সরযূ চক্রবর্তী, টিএফএ-র সম্পাদক অমিত চৌধুরী, এসপি (প্রকিউরমেন্ট) মানিক দাস, আইপিএস, ত্রিপুরা স্পোর্টস স্কুলের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর ড. ভারতী নিগম, জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের সভাপতি সুপ্রভাত দেবনাথ প্রমুখ উপস্থিত থাকবেন। টুর্নামেন্ট কমিটির পক্ষ থেকে বিশেষ করে আয়োজক ক্লাবের সম্পাদক গৌতম ব্যানার্জি সংশ্লিষ্ট সকলকে টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ এবং অনুষ্ঠান উপভোগ করার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

# ভারতীয় ক্রিকেটে শুরু ব্রঙ্কো-যুগ, কেন চালু হল এই পরীক্ষা পাকিস্তান ম্যাচের আগে জানালেন সাপোর্ট স্টাফ লে রু

শোনা গিয়েছিল এশিয়া কাপে ভারতীয় ক্রিকেটারদের ব্রঙ্কো পরীক্ষা দিতে হবে। কথামতোই তা চালু হয়ে গেল। ভারতীয় বোর্ডের প্রকাশিত একটি ভিডিয়োয় ক্রিকেটারদের এই পরীক্ষা দিতে দেখা গিয়েছে। সকলকেই বাধ্যতামূলক ভাবে এই পরীক্ষা দিতে হয়েছে। কেন এই পরীক্ষা চালু করা হল তার কারণ জানিয়েছেন স্ট্রেংথ ও কন্ডিশনিং কোচ আদ্রিয়ান লে রু।বোর্ডের ভিডিয়োয় লে রু বলেছেন, "আজ আমরা ব্রঙ্কো দৌড় করেছি। এটা কোনও নতুন দৌড় নয়। বিভিন্ন ধরনের খেলায় বহু বছর এই পরীক্ষা হয়ে আসছে। দলের পরিবেশের কথা মাথায় রেখেই এই পরীক্ষা চালু করেছি। দু'ভাবে এর সুফল পাওয়া যেতে পারে: প্রথমত, আমরা অনুশীলনের একটা অঙ্গ হিসাবে ব্যবহার করতে পারি। দ্বিতীয়ত, একটা পরিমাপ রাখার কাজে ব্যবহার করা যেতে পারে। খেলোয়াড়দের এরোবিক ফিটনেস কোন জায়গায় এবং আমরা ঠিক দিকে এগোচ্ছি কি না সেটা বুঝতে পারব।"এই পরীক্ষা চালু করার নেপথ্য কারণও জানিয়েছেন লে রু। তাঁর কথায়, "এই পরীক্ষা মাঠে গিয়ে দিতে হয়। বিশ্বের যে কোনও মাঠে আমরা এই পরীক্ষা আয়োজন করতে পারি। যাতায়াতের পথেও এই পরীক্ষা দিতে পারি। সময়ে সময়ে খেলোয়াড়েরা নিজেদের ফিটনেস সম্পর্কে জানতে পারবে। তাই সব জায়গায় এই পরীক্ষা করা যেতে পারে।"লে রু-র মতে, গত দুই দশকে ক্রিকেট খেলার পরিমাণ অনেক বেড়ে গিয়েছে। তাই সকল খেলোয়াড়ের স্বাস্থ্যের খেয়াল রাখা তাঁর দায়িত্ব বলে মনে করেন লে রু, যাতে খেলোয়াড়েরা নিজেদের দক্ষতার সবটা দিতে পারেন।লে রু বলেছেন, "ক্রিকেট দক্ষতা দেখানোর খেলা। ক্রিকেটারেরা যাতে দীর্ঘ দিন খেলতে পারে, সেটা দেখা আমার কাজ। যদি শারীরিক ভাবে তৈরি থাকে, তা হলে অনেক বেশি খেলা যায়। আপনি যদি নিজের খেয়াল রাখেন, তা হলে চোটের ঝুঁকি কমানোর জন্য অনেক কাজ করা যেতে পারে।" ভারতীয় দলে দ্বিতীয় বার কাজ শুরু করেছেন লে রু। তাঁর মতে, এ বারের দায়িত্ব বেশ উত্তেজক। ইংল্যান্ড সিরিজেই সেটা টের পেয়েছেন তিনি। বলেছেন, "খেলোয়াড়দের কাজ করার ধরন দেখে খুশি হয়েছি। যে লড়াই আমরা দেখিয়েছি তার অংশ হতে পেরে সম্মানিত। আইপিএলে ওদের অনেকের সঙ্গে আগে কাজ করেছি।"

# কেসিএ-র টুর্নামেন্টে টিসিএ-কে পিছিয়ে ১ম ইনিংসে লিড নিয়ে ছত্তিশগড় সেমিফাইনালে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। যে বিষয়টা আশঙ্কা করা হয়েছিল, মূলতঃ ব্যাঙ্গালুরুতে সেটাই হয়েছে। বৃষ্টি বিঘ্নিত ম্যাচে ত্রিপুরা দলকে পয়েন্ট খোঁয়াতে হয়েছে ছত্তিশগড়ের কাছে। আখেরে ছত্তিশগড় পর পর দুই ম্যাচ থেকে প্রত্যাশিত পয়েন্ট অর্জন করে গ্রুপ চ্যাম্পিয়ন এর স্বীকৃতি ছিনিয়ে নিয়েছে। নিজেদের অন্তিম ম্যাচের আগেই ছত্তিশগড় দুই ম্যাচ থেকে ১০ পয়েন্ট প্রাপ্তির সুবাদে যথারীতি সেমিফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। চার দিনের ম্যাচ শেষ পর্যন্ত খেলা হয়েছে তিন দিন। ইতোমধ্যে ছত্তিশগড় প্রথম ইনিংসে লিড নেওয়ার দারুন ৩ পয়েন্ট অর্জন করে নিয়েছে। খেলা কর্নাটক ক্রিকেটে এসোসিয়েশন আয়োজিত ডঃ ক্যাপ্টেন থিম্মাপিয়া মেমোরিয়াল ক্রিকেট টুর্নামেন্টে ১৬ দলীয় আসরে চারটি গ্রুপে বিভক্ত টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের খেলা আজ, শুক্রবার শেষ হয়েছে। বৃষ্টি বিঘ্নিত ত্রিপুরা ছত্তিশগড়ের ম্যাচটি ড্র-তে নিষ্পত্তি হয়েছে। তবে প্রথম ইনিংসে লিভ নেওয়ার সুবাদে ছত্তিশগড় তিন পয়েন্ট পেয়েছে। মঙ্গলবার ম্যাচ শুরুতে টস জিতে ত্রিপুরা প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। প্রথম দিন পুরোটা এবং দ্বিতীয় দিন প্রথম বেলা রাজ্য দল ব্যাট চালিয়ে ১১৩.৫ ওভার খেলে ৩১৪ রানে ইনিংস শেষ করে। জবাবে ছত্তিশগড় দ্বিতীয় দিনের খেলা শেষে ৫ উইকেট হারিয়ে ১৬৯ রান সংগ্রহ করেছিল। তৃতীয় দিনের খেলা পুরোপুরি ভেস্তে যায় বৃষ্টির জন্য। আজ, শুক্রবার চতুর্থ তথা অন্তিম দিনের খেলায় ছত্তিশগড় আরও ৫১ ওভার খেলে চার উইকেট হারিয়ে ১৬৮ রান যোগ করে মোট ৩৩৭ রানে ইনিংস ঘোষণা করে দেয়। প্রথম ইনিংসে লিড নিয়ে অমীমাংসিত ম্যাচ থেকে গুরুত্বপূর্ণ তিন পয়েন্ট ছত্তিশগড়কে সেমিফাইনালের ছাড়পত্র এনে দেয়। ছত্তিশগড়ের পক্ষে অনুজ তেওয়ারির ১১৩ রান এবং আশুতোষ সিংয়ের ৫৩ রান এবং অধিনায়ক আমনদীপ খাড়ের ৪৪ রান বেশ উল্লেখযোগ্য। ত্রিপুরা দলের বোলার সন্দীপ সরকার আশী রানে তিনটি এবং স্বপ্নীল সিং ৯০ রানে দুটি উইকেট পেয়েছিলেন। শেষ পর্যন্ত দুই ম্যাচ থেকে ত্রিপুরা দল দুই পয়েন্ট পেয়ে গ্রুপে অনেকটাই পিছিয়ে রয়েছে। নিয়ম রক্ষার ম্যাচে ত্রিপুরা দল ১৫ সেপ্টেম্বর কর্ণাটক ক্রিকেটে এসোসিয়েশন একাদশের বিরুদ্ধে খেলবে।

# কলকাতা লিগের সুপার সিক্সে বড় জয় ইস্টবেঙ্গলের সুরুচি সংঘকে ৪ গোলে হারাল ডায়মন্ড হারবার

ছন্দে রয়েছে ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবার এফসি। কলকাতা লিগের সুপার সিক্সের শুরুটা ভাল করল তারা। দু'দলই নিজেদের প্রথম ম্যাচে বড় জয় পেল। ইস্টবেঙ্গল ৩-০ গোলে হারিয়েছে ইউনাইটেড কলকাতাকে। অপর ম্যাচে সুরুচি সংঘকে ৪-০ গোলে হারিয়েছে তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ক্লাব ডায়মন্ড হারবার।চলতি লিগে প্রথম বার ঘরের মাঠে খেলতে নেমেছিল ইস্টবেঙ্গল। চোটের কারণে খেলেননি শৌভিক চক্রবর্তী। ছিলেন না দেবজিৎ মজুমদার, সায়ন বন্দ্যোপাধ্যায়ের মতো গুরুত্বপূর্ণ ফুটবলার। তাতে সমস্যা হল না বিনো জর্জের ছেলেদের। প্রথমার্ধে দু'দলই আক্রমণ করছিল। ২৯ মিনিটের মাথায় ইউনাইটেড কলকাতাকে এগিয়ে দিতে পারতেন সমীর বায়েন। তাঁর শট বাঁচিয়ে দেন লাল-হলুদ গোলরক্ষক।৩৬ মিনিটের মাথায় ডেভিডের দেওয়া পাস থেকে গোল করার সুযোগ পান পিভি বিষ্ণু। গোলরক্ষককে একা পেয়েও গোল করতে পারেননি তিনি। ৩৯ মিনিটে সুযোগ হারান আমন সিকে। কিন্তু গোলশূন্য শেষ হয়নি প্রথমার্ধ। বিরতির ঠিক আগে আমনের ভাসানো বল থেকে গোল করে ইস্টবেঙ্গলকে এগিয়ে দেন নসিব রহমান।দ্বিতীয়ার্ধে খেলার রাশ নিজেদের কাছেই রেখেছিল ইস্টবেঙ্গল। ৪৮ মিনিটের মাথায় ফ্রি কিক থেকে দুরন্ত গোল করেন বিষ্ণু। ইস্টবেঙ্গলের একের পর এক আক্রমণে দিশাহারা দেখাচ্ছিল ইউনাইটেড কলকাতার রক্ষণকে। ৬৮ মিনিটে দলের তৃতীয় গোল করেন গুইতে। তার পর আর গোল হয়নি। ৩-০ গোলে জেতে ইস্টবেঙ্গল।সুপার সিক্সের অপর ম্যাচে সুরুচির বিরুদ্ধে দাপট দেখিয়েছে ডায়মন্ড হারবার। ১৬ মিনিটের মাথায় অভিষেকের ক্লাবকে এগিয়ে দেন শৈবোরলাং খার্পন। প্রথমার্ধে আরও দু'টি গোল করে তারা। ৩৭ ও ৪০ মিনিটের মাথায় জোড়া গোল তরেন আকিব নবাব। দ্বিতীয়ার্ধে ৭০ মিনিটের মাথায় ডায়মন্ড হারবারের চতুর্থ গোল করেন অমরনাথ বাসক। গোটা ম্যাচে তেমন সুযোগ তৈরিই করতে পারেনি সুরুচি সংঘ। ৪-০ গোলে জিতে মাঠ ছাড়ে ডায়মন্ড হারবার।সুপার সিক্সে পয়েন্ট তালিকার শীর্ষে ডায়মন্ড হারবার। ১৩ ম্যাচে ২৮ পয়েন্ট তাদের। দ্বিতীয় স্থানে ইউনাইটেড কলকাতা। ইস্টবেঙ্গলের কাছে হারলেও ১২ ম্যাচে ২৭ পয়েন্ট তাদের। তিন নম্বরে রয়েছে ইস্টবেঙ্গল। ১২ ম্যাচে ২৬ পয়েন্ট লাল-হলুদের।

# অনূর্ধ্ব ১৫ বালিকাদের প্রি-সেশন ক্রিকেট শিবিরে ৫৫ জনকে ডাকা হল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। অনূর্ধ ১৫ বালিকা ক্রিকেটারদের শিবিরে ডাকা হলো। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন থেকে এবারকার এই প্রি সেশন ক্যাম্পে সর্বোপরি ৫৫ জন বালিকা ক্রিকেটারদের রিপোর্ট করার জন্য জানানোর হয়েছে। পরবর্তী সময়ে তাদের থেকে বাছাইকৃত ক্রিকেটারদের নিয়ে সিলেকশন ট্রায়ালের মাধ্যমে শেষপর্যন্ত সম্ভাব্য রাজ্য দল গঠন করা হবে। প্রাথমিকভাবে বাছাইকৃত ৫৫ জন বালিকা ক্রিকেটারদের আগামীকাল বেলা ১১ টায় নরসিংগড় স্থিত পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে উপস্থিত থাকার জন্য এবং প্রধান কোচ ও প্রশিক্ষকদের কাছে রিপোর্ট করার জন্য বলা হয়েছে। এই প্রি-সেশন ক্যাম্পে প্রধান কোচের ভূমিকায় রয়েছে তপন কুমার দেব। অ্যাসিস্ট্যান্ট কোচ রুমা দাস, ট্রেনার রাজিব সিংহ রায় এবং ফিজিও হিসেবে রয়েছে পাপিয়া দেবনাথ। শিবিরে ডাক পাওয়া ক্রিকেটাররা হল সদরের অনুভা পাল, অস্মিতা রায়, অভিজ্ঞা বর্ধন, ফুলেশ্বরী দেবনাথ, সাক্ষী বার্মা, ক্রিস্টিনা রেমা, মহাশ্বেতা দাস, রিমশা কর্মকার, দিয়া সরকার, রশ্মি সূত্রধর, মুনমুন বনিক, তৃতাস সরকার, স্নেহা নোয়াতিয়া, আকাঙ্ক্ষা দেবনাথ, মৃত্তিকা চৌধুরী; বিশালগড়ের অনুষ্কা শীল, শ্রাবন্তী চৌধুরী, শ্রীজিতা মজুমদার, দেবস্মিতা দে, দীপ্তি মারাক, অলঙ্কৃতা সাহা, পূর্বা চৌধুরী, অর্পিতা ঘোষ, ইশা সাহা; মোহনপুরের টিয়া রায়, মোনালিসা দে, কোয়েল সরকার; সোনামুড়ার মনীষা দাস; অমরপুরের তামান্না দাস, আমবাসার বর্ষা দেবনাথ, খোয়াইয়ের দিশা সূত্রধর, তেলিয়ামুড়া তানিয়া দেব, বর্ষা দাস, কমলপুরের বিতি শুক্ল বৈদ্য, উদয়পুরের এঞ্জেল পাল, সায়ন্তিকা সূত্রধর, ঋষিতা সূত্রধর, ঋদ্ধি নমঃ, সুস্মিতা পাল; বিলোনিয়ার শ্যামাশ্রী সেন, পারমিতা মজুমদার, রেশমি ত্রিপুরা; সাবরুমের তানিয়া শীল, শান্তির বাজারের অঙ্কিতা পাটারি, সঞ্জনা মুরাসিং, অঙ্কিতা দত্ত, মাহি শীল, রিয়া নমঃ; ধর্মনগরের ঋত্বিকা কানু, দিয়া শুক্ল বৈদ্য; লংতরাই ভ্যালির নেদ্রিনা বড়ুয়া, রিশা দেববর্মা, পাপিয়া দাস, নেহা ত্রিপুরা; জিরানিয়ার দেবরুপা দেব। ক্রিকেটারদের অবশ্যই প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টস রিপোর্ট করার সময় জমা দিতে বলা হয়েছে।

# লিটনের ব্যাটে জয় বাংলাদেশের, অধিনায়ক ফর্মে থাকলেও চিন্তা দলের বোলিং নিয়ে

আফগানিস্তানের সামনে যে হংকং উড়ে গিয়েছিল, তাদের হারাতে ঘাম ঝরাতে হল বাংলাদেশকে। এক একটা সময় মনে হচ্ছিল, হংকং দলে দু'এক জন অভিজ্ঞ ক্রিকেটার থাকলে খেলার ছবিটা অন্য রকম হতে পারত। অভিজ্ঞতায় মার খেল তারা। অতিরিক্ত রানের খেসারতও দিতে হল তাদের। অধিনায়ক লিটন দাসের অর্ধশতরানে জিতল বাংলাদেশ। ১৪ বল বাকি থাকতে বাংলাদেশ ৭ উইকেটে ম্যাচ জিতলেও তাদের এই খেলা মন ভরাবে না সমর্থকদের। বেশ কয়েকটি ক্ষেত্রে চিন্তা বাড়বে তাঁদের। আফগানিস্তানের বিরুদ্ধে ভেঙে পড়েছিল হংকংয়ের ব্যাটিং। সেই কারণেই হয়তো টস জিতে প্রথম বল করার সিদ্ধান্ত নেন বাংলাদেশের অধিনায়ক লিটন। হংকংয়ের ওপেনার অংশুমান রথ এই ম্যাচেও ব্যর্থ। কিন্তু অপর ওপেনার জিশান আলি নজর কাড়লেন। ৩০ রান করলেন তিনি। নিজাকত খান ও অধিনায়ক ইয়াসিম মুর্তাজাও ভাল ব্যাট করেন। নিজাকত সর্বাধিক ৪২ রান করেন। মুর্তাজা করেন ২৮ রান। তাঁদের জুটিতে ভাল গতিতে এগোচ্ছিল হংকং। কিন্তু ভুল বোঝাবুঝিতে রান আউট হন মুর্তাজা। তার পরে আবার রান তোলার গতি কমে যায়। শেষ পর্যন্ত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৪৩ রান করে হংকং। মুর্তাজা আউট না হলে ১৬০ রানও করতে পারত হংকং।বাংলাদেশের বোলারদের মধ্যে নজর কাড়লেন তানজিম হাসান সাকিব। ৪ ওভারে ২১ রান দিয়ে ২ উইকেট নেন তিনি। মুস্তাফিজুর রহমান উইকেট না পেলেও ভাল বল করেছেন। তাসকিন আহমেদ ২ উইকেট পেলেও রান দিয়েছেন।আবু ধাবির উইকেট বেশ মন্থর। এই উইকেটে ১৪৪ রান তাড়া করা খুব সহজ নয়। বাংলাদেশের শুরুটা ভাল হয়েছিল। পারভেজ হোসেন ইমন দ্রুত রান তুলছিলেন। তাঁকে ফেরান আয়ুষ শুক্ল। অপর ওপেনার তানজিদ হাসান তামিম করেন ১৪ রান। দুই ওপেনার আউট হওয়ার পর বাংলাদেশের রান তোলার গতি কিছুটা কমে যায়।কিন্তু হংকংয়ের বোলারেরা অতিরিক্ত রান দিয়ে বাংলাদেশের কাজ সহজ করে দিচ্ছিলেন।বাংলাদেশের অধিনায়ক লিটন ও অভিজ্ঞ ব্যাটার তৌহিদ হৃদয় জানতেন, এই মাঠে বড় শট খেলার চেষ্টা করলে ঝুঁকি বাড়বে। তাই দৌড়ে রানের দিকে নজর দেন তাঁরা। জরুরি রানরেট খুব বেশি না থাকায় সমস্যা হচ্ছিল না। শেষ দিকে বড় শট খেললেন তাঁরা। এই জুটিই দলকে জেতাল। ৩৯ বলে ৫৯ রান করে লিটন আউট হলেও তত ক্ষণে খেলা প্রায় জিতে গিয়েছে বাংলাদেশ। হৃদয় ৩৫ রানে অপরাজিত থাকলেন। শেষ পর্যন্ত বাংলাদেশ জিতলেও নেট রানরেট খুব একটা বাড়িয়ে রাখতে পারল না তারা। প্রতিযোগিতায় পরের দিকে এই রানরেট সমস্যায় ফেলতে পারে তাদের। বাংলাদেশ জিতলেও তাদের যে ভাবে পরিশ্রম করতে হল, তাতে চিন্তা বাড়বে লিটনের। হংকংয়ের মতো দুর্বল দলকে অল আউট করতে পারেননি বাংলাদেশের বোলারেরা। ব্যাটারদের দেখেও মনে হয়েছে, আত্মবিশ্বাসের অভাব রয়েছে। হংকংয়ের বিরুদ্ধেই যদি এই অবস্থা হয়, তা হলে শ্রীলঙ্কা ও আফগানিস্তানের বিরুদ্ধে কঠিন লড়াই অপেক্ষা করছে বাংলাদেশের সামনে।

# ভারতে খেলবেন রোনাল্ডো ? এফসি গোয়া ম্যাচের জন্য সিআর৭-এর নাম নথিভুক্ত করাল আল নাসের

ভারতে খেলতে আসতে পারেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। শুভেচ্ছা সফর বা প্রীতি ম্যাচ নয়। খেলতে পারেন প্রতিযোগিতামূলক ম্যাচ। এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু-র ম্যাচে এফসি গোয়ার বিরুদ্ধে খেলার জন্য ভারতে আসতে পারেন সিআর সেভেন।চুক্তি অনুযায়ী, এএফসি চ্যাম্পিয়ন্স লিগের অ্যাওয়ে ম্যাচ খেলতে সিআর সেভেনকে বাধ্য করতে পারবেন না আল নাসের কর্তৃপক্ষ। তবে রোনাল্ডো চাইলে তিনি খেলতেই পারেন। সেই সম্ভাবনা খোলা রাখতে ভারতের মাটিতে এফসি গোয়ার বিরুদ্ধে ম্যাচের জন্য রোনাল্ডোর নামও নথিবদ্ধ করিয়েছেন আল নাসের কর্তৃপক্ষ। একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে এমনই দাবি করা হয়েছে। গোয়ার বিরুদ্ধে ম্যাচের জন্য ১২জন বিদেশি ফুটবলারকে নথিবদ্ধ করিয়েছে আল নাসের। তাঁদের মধ্যে রয়েছে সাদিও মানে, কিংসলে কোম্যান, জোয়াও ফেলিক্সের নামও। অর্থাৎ ভারতের মাটিতে পূর্ণশক্তির দল নিয়ে খেলতে নামার প্রস্তুতি নিয়ে রেখেছে সৌদি আরবের ক্লাবটি।এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু-তে এফসি গোয়ার গ্রুপে আছে ইরাকের আল জাওরা এবং তাজিকিস্তানের এফসি ইস্তিকলল। সূচি অনুযায়ী, ঘরের মাঠে এফসি গোয়া ১৭ সেপ্টেম্বর খেলবে আল জাওরার বিরুদ্ধে। ১ অক্টোবর খেলতে হবে এফসি ইস্তিকললের বিরুদ্ধে। ২২ অক্টোবর প্রতিপক্ষ আল নাসের। এই ম্যাচেই ভারতের মাটিতে প্রথম বার খেলতে পারেন সিআর সেভেন।বিশ্ব ফুটবলে নয়া যুগের সূচনা! পর পর দু'বছর ব্যালন ডি'অরের তালিকায় নাম নেই ক্রিশ্চিয়ানো রোনাল্ডো এবং লিওনেল মেসির। বদলে বিশ্বের সেরা ফুটবলার হওয়ার দৌড়ে উঠে এলেন কিলিয়ান এমবাপে, লামিনে ইয়ামাল, ওসুমানে ডেম্বেলে, মহম্মদ সালাহরা।গত ২০ বছর ধরে বিশ্ব ফুটবলকে শাসন করেছেন তাঁরা। দুই মহারথীর দ্বৈরথ দেখতে আজও মুখিয়ে থাকেন ফুটবলপ্রেমীরা। এবার সেই যুগের অবসান হতে চলেছে। সেরকমই ইঙ্গিত মিলল ব্যালন ডি'অর তালিকায়। কারণ লিওনেল মেসি এবং ক্রিশ্চিয়ানো রোনাল্ডোকে ছাড়াই ব্যালন ডি'অরের ৩০ জনের প্রাথমিক তালিকা প্রকাশ করা হল। যার অর্থ ২০২৫ সালে সেরা ফুটবলারের শিরোপা উঠবে না এলএমটেন বা সিআর সেভেনের হাতে। তবে এই প্রথম নয়। এর আগে ২০২৪ সালেও ব্যালন ডি'অর তালিকায় নাম ছিল না দুই মহারথীর। অর্থাৎ পরপর দুই মরশুম বিশ্বসেরার দৌড়ে নেই দুই মহারথী।উল্লেখ্য, ২০০৪ থেকে ২০২২ সাল পর্যন্ত প্রত্যেকবার ব্যালন ডি'অরের মনোনয়ন পেয়েছেন রোনাল্ডো। তার মধ্যে পাঁচবার জিতেছেন। অন্যদিকে ২০০৬ সাল থেকে ২০২৩ পর্যন্ত মনোনয়ন ছিল মেসির। তাঁর দখলে রয়েছে ৮টি ব্যালন ডি'অর। এই নিয়ে দ্বিতীয়বার দুই মহাতারকাকে বাদ দিয়েই প্রকাশিত হল ব্যালন ডি'অরের প্রাথমিক তালিকা। দুই মহারথীর সম্ভাব্য উত্তরসূরি যাঁদের ভাবা হচ্ছে সেই লামিনে ইয়ামাল, কিলিয়ান এমবাপে, এরলিং হ্যাল্যান্ডরা অবশ্য লড়াইয়ে রয়েছেন। সেই সঙ্গে লড়াইয়ে রয়েছেন গত মরশুমে দুর্দান্ত পারফর্ম করা ওসুমানে ডেম্বেলে, কোল পালমাররা।ব্যালন ডি'অর প্রাথমিক তালিকা:ওসুমানে ডেম্বেলে (পিএসজি ও ফ্রান্স)জিয়ানলুইগি ডোনারুমা (পিএসজি ও ইতালি)জুড বেলিংহাম (রিয়াল মাদ্রিদ ও ইংল্যান্ড)ডেজায়ার ডু (পিএসজি ও ফ্রান্স)ডেনজেল ডামফ্রিজ (ইন্টার মিলান ও নেদারল্যান্ডস)সেরহাউ গুইরাসি (বরুশিয়া ডর্টমুন্ড এবং গিনি)এরলিং হ্যাল্যান্ড (ম্যান সিটি এবং নরওয়ে)ভিক্টর জিওকেরেস (আর্সেনাল ও সুইডেন)আচরাফ হাকিমি (পিএসজি ও মরক্কো)হ্যারি কেন (বায়ার্ন মিউনিখ ও ইংল্যান্ড)খিভুচা কভার্তস্খিলা (পিএসজি ও জর্জিয়া)রবার্ট লেওয়নডস্কি (বার্সেলোনা ও পোল্যান্ড)অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টার (লিভারপুল ও আর্জেন্টিনা)লাউটারো মার্টিনেজ (ইন্টার মিলান ও আর্জেন্টিনা)স্কট ম্যাকটোমিনে (নাপোলি ও স্কটল্যান্ড)কিলিয়ান এমবাপে (রিয়াল মাদ্রিদ ও ফ্রান্স)নুনো মেন্ডেজ (পিএসজি ও পর্তুগাল)জোয়াও নেভেস (পিএসজি ও পর্তুগাল)পেদ্রি (বার্সেলোনা ও স্পেন)কোল পালমার (চেলসি ও ইংল্যান্ড)মাইকেল ওলিস (বায়ার্ন মিউনিখ ও ফ্রান্স)রাফিনহা (বার্সেলোনা ও ব্রাজিল)ডেক্লান রাইস (আর্সেনাল ও ইংল্যান্ড)ফ্যাবিয়ান রুইজ (পিএসজি ও স্পেন)ভার্জিল ভ্যান ডাইক (লিভারপুল ও নেদারল্যান্ডস)ভিনিসিয়াস জুনিয়র (রিয়াল মাদ্রিদ ও ব্রাজিল)

# মহিলাদের এক দিনের বিশ্বকাপ ক্রিকেট শুরু হওয়ার আগেই ইতিহাস কী সিদ্ধান্ত নিল আইসিসি

এক দিনের বিশ্বকাপে ইতিহাস। আসন্ন মহিলাদের বিশ্বকাপের জন্য ১৪ জন আম্পায়ার এবং চার জন ম্যাচ রেফারির নাম ঘোষণা করেছে আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা (আইসিসি)। তাঁরা প্রত্যেকেই মহিলা। এক দিনের বিশ্বকাপে এ বারই প্রথম ম্যাচ অফিসিয়ালের দয়িত্ব দেওয়া হয়েছে শুধু মহিলাদের।২০২২ সালের কমনওয়েলথ গেমসে মহিলাদের সব ম্যাচ এবং মহিলাদের গত দু'টি টি-টোয়েন্টি বিশ্বকাপের সব ম্যাচ অফিসিয়াল ছিলেন মহিলা। তবে এক দিনের ক্রিকেটে এ বারই প্রথম শুধু মহিলারাই দায়িত্ব সামলাবেন। আসন্ন বিশ্বকাপে ম্যাচ পরিচালনার দায়িত্ব পাওয়া ১৪জন আম্পায়ার হলেন লরেন এজেনব্যাগ, ক্যান্ডিস লা বোর্দে, কিম কটন, সারা ডাম্বানেভানা, শাথিরা জাকির জেসি, কেরিন ক্লাস্তে, এন জননী, নিমালি পেরেরা, ক্লেয়ার পোলোসাক, বৃন্দা রাঠি, সু রেডফার্ন, এলোইস শেরিডান, গায়ত্রী বেণুগোপালন এবং জ্যাকলিন উইলিয়ামস। ম্যাচ রেফারি হিসাবে থাকছেন ট্রুডি অ্যান্ডারসন, শ্যান্ড্রে ফ্রিটজ, জিএস লক্ষ্মী এবং মিশেল পেরেইরা।আগামী ৩০ সেপ্টেম্বর থেকে শুরু হবে মহিলাদের এক দিনের বিশ্বকাপ। এ বারের বিশ্বকাপ যৌথ ভাবে আয়োজন করছে ভারত এবং শ্রীলঙ্কা। প্রথম দিনই গুয়াহাটিতে উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে দুই আয়োজক দেশ।


# টেস্টে ভাল খেলেও সুযোগ হয়নি এশিয়া কাপের দলে আবার ইংল্যান্ডে খেলতে যাচ্ছেন ওয়াশিংটন

ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজে ভাল পারফর্ম করেও এশিয়া কাপের দলে জায়গা পাননি ওয়াশিংটন সুন্দর। অজিত আগরকরেরা তাঁকে রিজার্ভে রেখেছিলেন। তরুণ অলরাউন্ডার বসে না থেকে ইংল্যান্ডের ঘরোয়া ক্রিকেটে খেলার সিদ্ধান্ত নিলেন।হ্যাম্পশায়ারের হয়ে খেলতে যাচ্ছেন ওয়াশিংটন। কাউন্টি চ্যাম্পিয়নশিপের শেষ দু'টি ম্যাচে খেলবেন। ওয়াশিংটনের সঙ্গে চুক্তির কথা জানিয়েছেন হ্যাম্পশায়ার কর্তৃপক্ষ। সমারসেট এবং সারের বিরুদ্ধে খেলবেন লাল বলের ক্রিকেট। সমাজমাধ্যমে হ্যাম্পশায়ার কর্তৃপক্ষ লিখেছেন, "দু'টি ম্যাচের জন্য আমরা ওয়াশিংটনের সঙ্গে চুক্তি করেছি। ওকে পেয়ে আমরা উচ্ছ্বসিত। কয়েক দিন আগেই ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজে দুর্দান্ত পারফর্ম করেছে। সমারসেট এবং সারের বিরুদ্ধে আমাদের হয়ে খেলবে। দু'টো ম্যাচই আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।" ওয়াশিংটনকে ক্লাবে স্বাগত জানিয়েছেন হ্যাম্পশায়ারের ডিরেক্টর অফ ক্রিকেট জাইলস হোয়াইট।ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজে ৪৭ গড়ে ২৮৪ রান করেন ওয়াশিংটন। ওল্ড ট্র্যাফোর্ডে প্রথম টেস্ট শতরান করেন। বল হাতে নেন ৭ উইকেট। এ বারই প্রথম নয়, এর আগে ল্যাঙ্কাশায়ারের হয়ে কাউন্টি ক্রিকেটে খেলার অভিজ্ঞতা রয়েছে ওয়াশিংটনের। ২০২২ সালে খেলেছিলেন ওয়ান ডে কাপও। চলতি মরসুমে ভারতের দ্বিতীয় ক্রিকেটার হিসাবে খেলবেন হ্যাম্পশায়ারের হয়ে। তিলক বর্মা চারটি ম্যাচ খেলেছেন ইংল্যান্ডের কাউন্টি ক্লাবটির হয়ে।

# উত্তর-পূর্ব ভারতে যাতায়াত ব্যবস্থায় ও উন্নয়নে এক নতুন সূর্যোদয়

















## উদ্বোধন

ভৈরবী এবং সাইরাং এর মধ্যে নতুন রেললাইন (51.38 কিমি)
মিজোরামের রাজধানী আইজলের জন্য প্রথম রেললাইন

আবাসিক বিদ্যালয়, কাওর্থাহ, মামিত জেলা

একলব্য মডেল আবাসিক বিদ্যালয় (ইএমআরএস) - লংগুয়াম

## ভিত্তিপ্রস্তর স্থাপন

আইজল বাইপাস সড়ক (পশ্চিম দিক)

মিজোরামের মুয়ালখাং-এ আইওসিএল-এর 30 টিএমটিপিএ এলপিজি বটলিং প্ল্যান্ট

তুইপুই ফেরির মাধ্যমে লংতলাই থেকে সাইহা সড়কে ছিমতুইপুই নদীর উপর সেতু

সেরচিপ জেলায় থেনজাওল থেকে সিয়ালসুক পর্যন্ত (সাথলুর ও লাউ নদী হয়ে) এবং খানকাওন থেকে রোংগুরা স্কুন পর্যন্ত সড়ক

টুইকুয়ালে খেলো ইন্ডিয়া মাল্টিপারপাস ইনডোর হল

## শুভসূচনা

আইজল (সাইরাং) ও দিল্লি (আনন্দ বিহার)-এর মধ্যে রাজধানী এক্সপ্রেস ট্রেন

সাইরাং ও গুয়াহাটির মধ্যে এক্সপ্রেস ট্রেন

সাইরাং ও কলকাতার মধ্যে এক্সপ্রেস ট্রেন

## লাভ

- নতুন ট্রেন পরিষেবার মাধ্যমে মিজোরামের সঙ্গে দিল্লি, কলকাতা ও গুয়াহাটির সরাসরি যোগাযোগ, যা মিজোরামকে জাতীয় রেল নেটওয়ার্কের সাথে সংযুক্ত করবে।
- মিজোরাম ও ভারতের উত্তর-পূর্ব অঞ্চলের নাগরিকদের জন্য দীর্ঘ দূরত্বের যাত্রা হবে সহজ ও সাশ্রয়ী।
- কৃষকরা আদা, বাঁশ ও অন্যান্য স্থানীয় পণ্য বৃহত্তর বাজারে পাঠাতে পারবে।
- নতুন ট্রেনগুলির মাধ্যমে মিজোরামে পরিবেশগত ও সাংস্কৃতিক পর্যটন সমৃদ্ধ হবে।
- শিক্ষার্থী, রোগী ও যুবকরা স্কুল, হাসপাতাল ও কর্মস্থলে দ্রুত পৌঁছাতে পারবে।
- এলপিজি বটলিং প্ল্যান্টের মাধ্যমে উত্তর পূর্বাঞ্চলের প্রতিটি ঘরে জ্বালানি পৌঁছবে এবং চাকরির সুযোগ বৃদ্ধি পাবে।
- ভারী যানবাহনের ডাইভারশনের ফলে স্থানীয় রাস্তায় নিরাপত্তা বাড়বে।
- রেল প্রকল্পের মাধ্যমে উত্তর পূর্বাঞ্চলে সমৃদ্ধ যোগাযোগ ব্যবস্থা ও কৌশল প্রণয়নে সুবিধা।

করবেন

## নরেন্দ্র মোদী

প্রধানমন্ত্রী

শনিবার, ১৩ সেপ্টেম্বর, ২০২৫ সকাল ১০টা আইজল, মিজোরাম

## গৌরবময় উপস্থিতি

**জেনারেল (ডাঃ) (অবসরপ্রাপ্ত) বিজয় কুমার সিং**
রাজ্যপাল, মিজোরাম

**লালদুহোমা**
মুখ্যমন্ত্রী, মিজোরাম

**অশ্বিনী বৈষ্ণব**
কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী

**ডঃ ভানলালথিয়ানা**
মন্ত্রী, মিজোরাম সরকার

**কে. ভানলালভেনা**
সংসদ সদস্য

**রিচার্ড ভানলালহমঙ্গাইহা**
সংসদ সদস্য

সরাসরি সম্প্রচার দেখুন DD NEWS | আমাদের ফলো করুন: /RailMinIndia | ইভেন্টটি লাইভ দেখতে QR কোডটি স্ক্যান করুন